কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

# ব্লক, বাটিক এন্ড স্ক্রিন প্রিন্টিং

## লেভেল - ০২

**মডিউল শিরোনামঃ ব্লক প্রিন্ট দ্বারা সারফেস অলঙ্করণ সম্পন্ন করা**

## Module: Carrying out Surface Ornamentation by Block Print

**মডিউল কোড: CBLM-OU-IS-BBSP-03-L2-BN-V1**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কপিরাইট**


জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধানমন্ত্রীর কার্যালয় ।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nsda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: http:\\skillsportal.gov.bd



এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।


'ব্লক প্রিন্ট দ্বারা সারফেস অলঙ্করণ সম্পন্ন করা' এই সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত ব্লক, বাটিক এন্ড স্ক্রিন প্রিন্টিং, লেভেল - ২ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে ব্লক, বাটিক এন্ড স্ক্রিন প্রিন্টিং, লেভেল - ২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

ইনস্ট্রাকশনাল এক্টিভিটি তৈরি করার ক্ষেত্রে সিবিএলএম ডেভেলপার/শিক্ষক/প্রশিক্ষক/এসেসর এ সিবিএলএমটিকে মূল রেফারেন্স পয়েন্ট হিসাবে ব্যবহার করবে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বরা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ব্লক, বাটিক এন্ড স্ক্রিন প্রিন্টিং, লেভেল - ২ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

------------------------ তারিখে অনুষ্ঠিত কর্তৃপক্ষ------------ সভায় অনুমোদিত।

## সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি ব্লক প্রিন্ট দ্বারা সারফেস অলঙ্করণ সম্পন্ন করতে পারবেন। এছাড়াও পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য অনুসরণ করতে পারা, ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা, এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা, একাধিক রঙের ব্লক প্রিন্ট সম্পাদন করতে পারা, ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং সম্পন্ন করতে পারা এবং টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারার জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

## সূচিপত্র


**কপিরাইট** ........ i

**সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা** ........ v

**মডিউল কন্টেন্ট** ........ 1

**শিখনফল (Learning Outcome)- ১ : পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা** ........ ৩

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)- ১ : পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা ........ ৪

ইনফরমেশন শিট (Information Sheet) ১: পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা ........ ৫

সেলফ চেক (Self-Check)- ১: পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা ........ ৯

উত্তরপত্র (Answer Key)-১: পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা ........ ১০

**শিখনফল (Learning Outcome)- ২ : ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা** ........ ১১

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)- ২ : ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা ........ ১৩

ইনফরমেশন শিট (Information Sheet) ২: ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা ........ ১৪

সেলফ চেক (Self-Check)- ২: ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা ........ ২০

উত্তরপত্র (Answer Key)- ২: ব্লক, বাটিক এবং স্ক্রিন প্রিন্টিংয়ের ব্যবহার চিহ্নিত করতে পারা ........ ২১

অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-২.১: ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ বাছাই এবং সংগ্রহ করুন ........ ২২

স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-২.১: ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ বাছাই এবং সংগ্রহ করুন ........ ২৩

অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-২.২: ব্লক প্রিন্টিংয়ের কাজে ওয়ার্কিং টেবিলের প্যাড তৈরির জন্য জন্য হেসিয়ান কাপড় (চট), পাতলা ফোম এবং কম্বল দিয়ে আচ্ছাদিত করণ ........ ২৪

স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-২.২: ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ বাছাই এবং সংগ্রহ করণ ........ ২৫

অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-২.৩: ব্লক প্রিন্টিংয়ের জন্য কাপড় বাছাই করণ ........ ২৬

**শিখনফল (Learning Outcome)- ৩ : এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা** ........ ২৭

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)- ৩ : এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা ........ ২৮

ইনফরমেশন শিট (Information Sheet) ৩: এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা ........ ২৯

সেলফ চেক (Self-Check)- ৩: এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা ........ ৩২

উত্তরপত্র (Answer Key)- ৩: টুলস, সরঞ্জাম এবং যন্ত্রপাতি সনাক্ত করতে পারা ........ ৩৩

অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৩.১: কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট কাপড় বা কাগজে পরীক্ষা করণ ........ ৩৪

অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৩.২: ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করণ ........ ৩৫

স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-৩.২: ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করণ ........ ৩৬

অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৩.৩: প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো সম্পন্ন করণ ........ ৩৭

**শিখনফল (Learning Outcome)- ৪ : একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা** ........ ৩৮

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৪ : একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা ........................৩৯
ইনফরমেশন শিট (Information Sheet) ৪: একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা ..................................৪০
সেলফ চেক (Self-Check)- ৪: একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা ..................................................৪৩
উত্তরপত্র (Answer Key)- ৪: একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা ....................................................৪৪
অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৪.১: কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট কাপড় বা কাগজে পরীক্ষা করণ............৪৫
অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৪.২: ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে একাধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করণ ....................................................................................৪৬
স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-৪.২: ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করণ ..........................................................................................৪৭
অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৪.৩: প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো সম্পন্ন করণ...............৪৮
**শিখনফল (Learning Outcome)- ৫ : ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা** .................................. ৪৯
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৫ : ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা...............৫০
ইনফরমেশন শিট (Information Sheet) ৫: ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা.........................৫১
সেলফ চেক (Self-Check)- ৫: ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা..........................................৫৫
উত্তরপত্র (Answer Key)- ৫: ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা ............................................৫৬
অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৫.১: শুকানো কাপড়ের বিপরীত দিকে প্রয়োজন অনুযায়ী ইস্ত্রি করণ.........৫৭
অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৫.২: গুণগতমান পরীক্ষা করুন এবং ক্লায়েন্টের প্রয়োজনীয়তা অনুযায়ী ত্রুটি চিহ্নিত করণ............................................................................৫৮
অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৫.৩: ফিনিশিং করা পণ্যগুলি স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ভাঁজ এবং প্যাক করণ.............................................................................৫৯
**শিখনফল (Learning Outcome)- ৬ : টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা**......................৬০
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৬ : টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা ........................................................................................৬১
ইনফরমেশন শিট (Information Sheet) ৬: টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা...........৬২
সেলফ চেক (Self-Check)- ৬: টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা...........................৬৪
উত্তরপত্র (Answer Key)- ৬: টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা .............................৬৫
অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৬.১: কাজের উপকরণগুলি পানিতে ডুবিয়ে রেখে প্লাস্টিকের ব্রাশ দিয়ে ধুয়ে পরিস্কার করণ....................................................................৬৬
উদ্দেশ্য: টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার করতে পারা ......................................................................৬৬
উদ্দেশ্য: টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা .........................................................৬৭
দক্ষতা পর্যালোচনা (Review of Competency)..........................................................................৬৮

# মডিউল কন্টেন্ট

| | |
|---|---|
| **ইউ ও সি শিরোনাম** | **ব্লক প্রিন্ট দ্বারা সারফেস অলঙ্করণ সম্পন্ন করুন** |
| **ইউ ও সি কোড** | OU-IS- BBSP-03-L2-BN-V1 |
| **মডিউল শিরোনাম** | **ব্লক প্রিন্ট দ্বারা সারফেস অলঙ্করণ সম্পন্ন করা** |
| **মডিউলের বর্ণনা** | ব্লক প্রিন্ট দ্বারা সারফেস অলঙ্করণ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (কেএসএ) সম্পর্কিত এক্টিভিটিগুলো এই মডিউল-এ অন্তর্ভূক্ত করতে সক্ষম হয়েছে।<br>এতে পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য অনুসরণ করতে পারা, ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা, এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা, একাধিক রঙের ব্লক প্রিন্ট সম্পাদন করতে পারা, ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং সম্পন্ন করতে পারা এবং টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারার দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| **নমিনাল সময়** | **৬০ ঘণ্টা** |
| **শিখনফল** | **এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন।**<br>১. পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারবে<br>২. ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারবে<br>৩. এক রঙের ব্লক প্রিন্ট করতে পারবে<br>৪. একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারবে<br>৫. ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারবে<br>৬. টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারবে |

**অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)**

১. প্রয়োজনীয়তা অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) বাছাই এবং সংগ্রহ করা হয়েছে
২. প্রয়োজন অনুযায়ী পিপিই পরিধান করা হয়েছে
৩. কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিরাপদ কাজের অনুশীলন অনুসরণ করা হয়েছে ব্লক বাটিক এবং স্ক্রিন প্রিন্টিং সংজ্ঞায়িত করা হয়েছে
৪. ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে
৫. ব্লক প্রিন্টিংয়ের কাজে ওয়ার্কিং টেবিলের প্যাড তৈরির জন্য হেসিয়ান কাপড় (চট), পাতলা ফোম এবং কম্বল দিয়ে আচ্ছাদিত করা হয়েছে
৬. মার্কিং কাপড় দিয়ে প্যাড আবৃত করা হয়েছে
৭. ব্লক প্রিন্টিংয়ের জন্য কাপড় বাছাই করা হয়েছে
৮. মাড়যুক্ত কাপড় প্রক্রিয়াকরণ করা হয়েছে
৯. রেডি পেস্ট ব্যবহার না করার কারণে ব্লক প্রিন্টিংয়ের জন্য প্রিন্ট পেস্ট প্রস্তুত করা হয়েছে
১০. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী কাঠের ফর্মা (ব্লক) বাছাই ও সংগ্রহ করা হয়েছে
১১. কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট বাতিলকৃত কাপড় বা কাগজে যাচাই এবং পরীক্ষা করা হয়েছে
১২. টেবিলের উপর কাপড় বিছানো হয়েছে এবং ভাঁজ এড়াতে পিন দিয়ে আটকে দেওয়া হয়েছে
১৩. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট করা হয়েছে
১৪. প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো হয়েছে

১৫. কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট বাতিলকৃত কাপড় বা কাগজে যাচাই এবং পরীক্ষা করা হয়েছে
১৬. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে একধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করা হয়েছে
১৭. প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো হয়েছে
১৮. শুকানো কাপড়ের বিপরীত দিকে প্রয়োজন অনুযায়ী ইস্ত্রি করা হয়েছে
১৯. গুণগতমান পরীক্ষা করা হয়েছে এবং ক্লায়েন্টের নির্দেশনা অনুযায়ী ত্রুটি চিহ্নিত করা হয়েছে
২০. সম্ভাব্য ক্ষেত্রে ত্রুটি সংশোধন করা হয়েছে
২১. ফিনিশিং করা পণ্যগুলি স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ভাঁজ করা, প্যাক করা এবং সংরক্ষণ করা হয়েছে
২২. অতিরিক্ত প্রিন্ট পেস্ট পরবর্তীতে ব্যবহারের জন্য এয়ার টাইট কন্টেইনারে আলাদাভাবে সংরক্ষণ করা হয়েছে
২৩. কাজের উপকরণগুলি পানিতে ডুবিয়ে রেখে প্লাস্টিকের ব্রাশ দিয়ে ধুয়ে ফেলা হয়েছে
২৪. কাঠের ডাইস এবং অন্যান্য সামগ্রী কর্মক্ষেত্রের মান অনুযায়ী শুকানো এবং সংরক্ষণ করা হয়েছে
২৫. কর্মক্ষেত্রের মান অনুযায়ী কাজের টেবিল এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা হয়েছে

**শিখনফল (Learning Outcome)- ১ : পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা**

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. প্রয়োজনীয়তা অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) বাছাই এবং সংগ্রহ করা হয়েছে<br>২. প্রয়োজন অনুযায়ী পিপিই পরিধান করা হয়েছে<br>৩. কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিরাপদ কাজের অনুশীলন অনুসরণ করা হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. প্রয়োজনীয় টুলস<br>১০. প্রয়োজনীয় পিপিই |
| বিষয়বস্তু | ১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই)<br>২. পিপিই পরিধান করা<br>৩. কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিরাপদ কাজের অনুশীলন |
| এক্টিভিটি | ১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) চিহ্নিত করুন |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)- ১ : পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্জক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্জক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের ”পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পার“ বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ১ : পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা |
| ২. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন জব/টাস্ক শিট১: ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) চিহ্নিত করুন |

## ইনফরমেশন শিট (Information Sheet) ১: পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

১.১ প্রয়োজনীয়তা অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) বাছাই এবং সংগ্রহ করা হয়েছে
১.২ প্রয়োজন অনুযায়ী পিপিই পরিধান করা হয়েছে
১.৩ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিরাপদ কাজের অনুশীলন অনুসরণ করা হয়েছে

### ১.১ ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই)

| | |
|---|---|
| মাস্ক:<br>কর্মক্ষেত্রে ডাস্ট/ধূলা থেকে রক্ষা পেতে ডাস্ট মাস্ক/ধূলা মাস্ক ব্যবহারের প্রয়োজনীয়তা অত্যাবশ্যক। |  |
| হ্যান্ড গ্লভস্:<br>কাজের সময় হাতকে রক্ষা করতে এটি ব্যবহৃত হয় এবং এটি হাতকে নিরাপদ রাখে। |  |
| সুরক্ষা কাপড়/এপ্রোন:<br>কর্মক্ষেত্রে আঘাত / বিভিন্ন রাসায়নিক থেকে শরীরকে রক্ষা করার জন্য এপ্রোন ডিজাইন করা হয়েছে। |  |

### ১.২ পিপিই পরিধান ও ব্যবহারের নিয়ম

| | | |
|---|---|---|
| মাস্ক: |  | মাস্ক বিভিন্ন ধরণের হয়। তবে সব ধরণের মাস্ক ব্যবহারের নিয়ম প্রায় একই। মাস্কের স্ট্রিং দুটি কানের পিছনে বা মাথার পেছনে আটকে নিতে হয় এবং সামনে নাক ও মুখ ভালভাবে বন্ধ করে নিতে হয়। ওয়ান টাইম মাস্ক হলে একবারের বেশি ব্যবহার করা উচিৎ নয়। |
| হ্যান্ড গ্লভস্: |  | হ্যান্ড গ্লভস্ বিভিন্ন ধরণের হয় যা বিভিন্ন উপকরনে তৈরি হতে পারে। তবে ব্লক বাটিক শিল্পে যে  হ্যান্ড গ্লভস্ ব্যবহার হয় তা সাধারণত রাবারের হয় এবং তাতে হাত ঢুকালে তা হাতের সাথে লেগে থাকে। এ ধরণের হ্যান্ড গ্লভস্ সফট এবং স্থিতিস্থাপক হয়। |
| সুরক্ষা কাপড় /এপ্রোন: |  | সুরক্ষা কাপড় /এপ্রোনও বিভিন্ন রকমের হয় তবে ব্লক বাটিকের কাজের জন্য স্লিভলেস এপ্রোন খুবই উপযোগী। এধরনের<br>এপ্রোনে গলায় একটি স্ট্রিং ঢুকিয়ে বা বেধে নিতে হয় এবং হাতের নিচ দিয়ে পেছনে একটি স্ট্রিং বেধে নিতে হয়। এ ধরণের এপ্রোন হাঁটু পর্যন্ত বা তার চেয়ে লম্বা হয়। |

### পিপিই এর উপকারিতা

ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম ব্যবহারের মাধ্যমে একজন ব্যক্তি নিজেকে ও তার সম্পদ বাঁচাতে এবং নিরাপত্তা বজায় রাখতে পারে। এই সরঞ্জামগুলির উপকারিতা নিম্নলিখিত হতে পারে:

**নিরাপত্তা ও সুরক্ষা:** ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম ব্যবহার করে ব্যক্তি তাঁর নিজের নিরাপত্তা বাড়ানোর জন্য বিভিন্ন পরিস্থিতিতে সুরক্ষিত থাকতে পারেন।

**জীবন বাঁচাতে সাহায্য:** ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম প্রাণীদের বা মানুষের জীবন বাঁচানোর ক্ষেত্রে অনুকূল হতে পারে।

**ক্ষতি থেকে সুরক্ষিত থাকতে সাহায্য:** কোনো ক্ষতি বা অপকারের সময় ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম ব্যবহার করে ব্যক্তি নিজেকে ক্ষতি থেকে সুরক্ষিত রাখতে পারে। যেমনঃ সাধারণ বিপদে ক্ষতি প্রতিরোধের জন্য মাস্ক, গ্লোভ, হেলমেট ইত্যাদি।

**অনিয়মিত পরিস্থিতিতে সাহায্য:** অনিয়মিত বা আপাতত পরিস্থিতিতে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম ব্যবহার করে ব্যক্তি নিজেকে সাহায্য করতে পারেন। যেমনঃ আগুনের ঘটনা থেকে নিজেকে বাঁচানোর জন্য অগ্নি প্রশমন জ্যাকেট ইত্যাদি।

**স্বাধীনতা এবং আত্মস্থানের অনুভূতি:** ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম একটি ব্যক্তির স্বাধীনতা এবং আত্মস্থানের অনুভূতি বাড়াতে সাহায্য করতে পারে।

## ১.৩ নিরাপদ কাজের অনুশীলন




কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা হলো একটি প্রতিষ্ঠান বা সংস্থার সকল বিভাগের সমন্বয়ে গঠিত একটি সংমিশ্রণ ক্ষেত্র যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যুক্ত সকলের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যানের নিমিত্তে কাজ করে থাকে। উল্লেখ্য যে, এখানে স্বাস্থ্য বলতে শুধু রোগবালাইকে বোঝানো হয় না, বরং স্বাস্থ্য বলতে সামগ্রিক স্বাস্থ্য, অর্থাৎ দৈহিক, মানসিক ও সামাজিক স্বাস্থ্যকে বোঝানো হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়টির প্রধান কাজ হলো কর্মক্ষেত্রে যেকোনও ধরনের ঝুঁকি বা সম্ভাব্য বিপদ প্রতিরোধ করা।

### নিয়োগকর্তার লক্ষনীয় বিষয়

কর্মক্ষেত্রে স্বাস্থ্য সেবা এবং নিরাপত্তা সুবিধা প্রতিটি শ্রমিকের বৈধ এবং আইনগত অধিকার। শ্রমিকদেরকের একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর কর্ম পরিবেশ প্রদান করতে হবে এবং কর্মক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত স্বাস্থ্য এবং নিরাপদ পরিবেশের অনুশীলন উন্নত করতে হবে।

শ্রম আইন ২০০৬ এর অধীনে অন্তর্ভুক্ত পেশাগত স্বাস্থ্যসেবা এবং নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলো হলঃ



- পরিচ্ছনতা
- বায়ু চলাচল এবং তাপমাত্রা ব্যবস্থা
- কৃত্তিম আর্দ্রকরণ
- আলোর ব্যবস্থা,
- অগ্নি সংক্রান্ত ঘটনা
- বিল্ডিং এবং যন্ত্রপাতির সুরক্ষা

- চলমান যন্ত্রপাতির উপর বা কাছাকাছি কাজ করা
- বিস্ফোরক বা দাহ্য গ্যাস ও ধুলা
- বিপজ্জনক ধোয়ার বিরুদ্ধে সতর্কতা
- ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম
- ঝুঁকি মূল্যায়ন এবং প্রতিরোধ ব্যবস্থা

**বিনামূল্যে সুরক্ষা**

শ্রম আইনের বিভিন্ন ধারা আছে যা কর্মক্ষেত্রে নিযুক্ত কর্মীদের জন্য ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম ব্যবহারের বিধান উল্লেখ করে।

শ্রমিকের চোখের নিরাপত্তার জন্য উপযুক্ত চশমা বা চোখের আবরনের ব্যবস্থা থাকতে হবে যেখানে উৎপাদন প্রক্রিয়ার কারণে উৎক্ষিপ্ত বা বিচ্ছুরিত কণা বা টুকরা থেকে অথবা অতিমাত্রায় আলো বা উত্তাপের কারণে চোখের ক্ষতির আশংকা থাকে।

যেখানে শারীরিক আঘাত, বিষক্রিয়া বা গুরুত্বর রোগের সম্ভাবনা আছে এমন কোন ক্ষতিকর অপারেশনের ক্ষেত্রে, কর্মরত প্রতিটি শ্রমিকের জন্য সুরক্ষামূলক সরঞ্জামের ব্যবস্থা করা অথবা কাজটি যেখানে হচ্ছে তার কাছাকাছি জায়গায় এবং অপারেশনে ব্যবহৃত সরঞ্জামের ব্যবহার অথবা অপারেশনের সাথে সম্পর্কিত প্রক্রিয়া এবং নোটিশের মাধ্যমে কোন ক্ষতিকর রাসায়নিক দ্রব্যের ব্যবহার ও সতর্কতা সম্পর্কে জানানো এইসব বিষয় নিয়োগকর্তার দায়িত্বের মধ্যে পরে।

ব্যক্তিগত সুরক্ষার জন্য সরঞ্জাম দেওয়া সত্বেও এটি ব্যবহার না করা হলে তার দায়িত্ব শ্রমিকের নিজের নিতে হবে।

**প্রশিক্ষণ**

একজন নিয়োগকর্তা তার অধীনস্ত কর্মীদেরকে স্বাস্থ্য এবং নিরাপত্তার উপর একটি বাস্তব এবং প্রাসঙ্গিক প্রশিক্ষন প্রদান করতে এবং কর্মক্ষেত্রে শ্রমিকদের জন্য একটি সুরক্ষিত এবং স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করতে বাধ্য থাকে। একজন নিয়োগকর্তাকে কর্মক্ষেত্রে প্রশিক্ষন প্রদানের মাধ্যমে শ্রমিকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে। শারীরিক আঘাত, বিষক্রিয়া বা গুরুত্বর রোগের ঝুঁকি আছে এই ধরণের বিপদজনক অপারেশনের ক্ষেত্রে, এটি নিয়োগকর্তার দায়িত্বের অধীনে পরে যে সেই অপারেশনে নিযুক্ত শ্রমিকের পর্যায়ক্রমিক চিকিৎসা সেবা প্রদান করা এবং কাজের জন্য উপযুক্ত হিসেবে প্রমানিত না হলে তাকে সে কাজে না নেয়া। এই ধরণের অপারেশন এবং বিপজ্জনক মেশিনের কাজের সাথে নিযুক্ত কর্মীদেরকে অবশ্যই পর্যাপ্ত প্রশিক্ষন প্রদান করতে হবে এবং বিশেষ তত্ত্বাবধানে রাখতে হবে।

**নিরাপদ কাজের কর্মপরিবেশ**

বিষয়। নিরাপদ কর্মস্থলের অভাবে আমাদের দেশে বহুতলবিশিষ্ট ভবনে যখন কোনো দুর্ঘটনা ঘটে, তখন প্রচুর শ্রমিক হতাহত হয়। আমাদের দেশে প্রতিবছর ২৮ এপ্রিল কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা দিবস পালিত হয়। এটা বিশ্বজনীন স্বীকৃত সত্য যে শিল্পে কর্মরত শ্রমিক সুস্থ ও নিরাপদ থাকলে শিল্পে উৎপাদনক্ষমতা বাড়বে।

- যখন কোনো কারখানা গড়ে তোলা হবে, তখন অবশ্যই তার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
- প্রতিটি কারখানায় যথাযথ অগ্নিনির্বাপণের ব্যবস্থা থাকতে হবে। জরুরি নির্গমনের পথ থাকতে হবে।
- যে ভবনে কোনো কারখানা গড়ে তোলা হবে, সে ভবনটি ইমারত নির্মাণ বিধিমালা অনুযায়ী করা হয়েছে কি না তা পরখ করে দেখতে হবে।
- আমাদের দেশের বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠানে এক কোটির বেশি মানুষ শ্রমিক হিসেবে কাজ করে।
- বার্ষিক গড় আয়ের বড় অংশ আসে শিল্প খাত থেকে। তাই এসব শ্রমিকের স্বাস্থ্য ও কর্মক্ষেত্রের নিরাপত্তার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।



## সেলফ চেক (Self-Check)- ১: পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. প্রশ্ন: ব্লক বাটিকের কাজের সময় ব্যবহার করা হয় এমন কিছু পিপিই এর নাম লিখুন
উত্তর:

২. প্রশ্ন: আমাদের দেশে প্রতিবছর কবে স্বাস্থ্য ও নিরাপত্তা দিবস পালিত হয়?
উত্তর:

৩. প্রশ্ন: পিপিইএর পূর্ণ নাম কি?
উত্তর:

৪. প্রশ্ন: পিপিই কী?
উত্তর:

৫. প্রশ্ন: হাতের সুরক্ষা প্রদানের জন্য অবশ্যই কী পরতে হবে?
উত্তর:

৬. প্রশ্ন: মাস্ক কেন ব্যবহার করা আবশ্যক?
উত্তর:

## উত্তরপত্র (Answer Key)-১: পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সুরক্ষা অনুসরণ করতে পারা

১. প্রশ্ন: ব্লক বাটিকের কাজের সময় ব্যবহার করা হয় এমন কিছু পিপিই এর নাম লিখুন
উত্তর: মাস্ক, হ্যান্ড গ্লভস্, সুরক্ষা কাপড়/এপ্রোন ইত্যাদি

২. প্রশ্ন: আমাদের দেশে প্রতিবছর কবে স্বাস্থ্য ও নিরাপত্তা দিবস পালিত হয়?
উত্তর: আমাদের দেশে প্রতিবছর ২৮ এপ্রিল কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা দিবস পালিত হয়।

৩. প্রশ্ন: পিপিইএর পূর্ণ নাম কি?
উত্তর: ব্যক্তিগত সুরক্ষার সরঞ্জাম

৪. প্রশ্ন: পিপিই কী?
উত্তর: কিছু বিশেষ ধরণের পোশাক, সাজ-সরঞ্জাম ও উপকরণের সমষ্টিগত নাম, যা পরিধানকারীকে ঝুঁকি, বিপদ বা স্বাস্থ্যগত যেমন রোগজীবাণুর সংক্রমণ থেকে সুরক্ষা প্রদান করে।

৫. প্রশ্ন: হাতের সুরক্ষা প্রদানের জন্য অবশ্যই কী পরতে হবে?
উত্তর: গ্লাভস

৬. প্রশ্ন: মাস্ক কেন ব্যবহার করা আবশ্যক?
উত্তর: ধুলো, বালি থেকে সুরক্ষার জন্য

## শিখনফল (Learning Outcome)- ২ : ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে<br>২. ব্লক প্রিন্টিংয়ের কাজে ওয়ার্কিং টেবিলের প্যাড তৈরির জন্য হেসিয়ান কাপড় (চট), পাতলা ফোম এবং কম্বল দিয়ে আচ্ছাদিত করা হয়েছে<br>৩. মার্কিং কাপড় দিয়ে প্যাড আবৃত করা হয়েছে<br>৪. ব্লক প্রিন্টিংয়ের জন্য কাপড় বাছাই করা হয়েছে<br>৫. মাড়যুক্ত কাপড় প্রক্রিয়াকরণ করা হয়েছে<br>৬. রেডি পেস্ট ব্যবহার না করার কারণে ব্লক প্রিন্টিংয়ের জন্য প্রিন্ট পেস্ট প্রস্তুত করা হয়েছে<br>৭. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী কাঠের ফর্মা (ব্লক) বাছাই ও সংগ্রহ করা হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>৭. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৮. প্রয়োজনীয় উপকরণ ও টুলস<br>৯. প্রয়োজনীয় পিপিই |
| বিষয়বস্তু | ১. ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ<br>২. ব্লক প্রিন্টিংয়ের জন্য প্যাড তৈরি<br>৩. মার্কিং কাপড় দিয়ে প্যাড আবৃত করা<br>৪. ব্লক প্রিন্টিংয়ের জন্য কাপড় বাছাই<br>৫. মাড়যুক্ত কাপড় প্রক্রিয়াকরণ<br>৬. ব্লক প্রিন্টিংয়ের জন্য প্রিন্ট পেস্ট প্রস্তুত করা<br>৭. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী কাঠের ফর্মা (ব্লক) বাছাই ও সংগ্রহ করা |
| এক্টিভিটি | ১. ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ বাছাই এবং সংগ্রহ করুন<br>২. ব্লক প্রিন্টিংয়ের কাজে ওয়ার্কিং টেবিলের প্যাড তৈরির জন্য জন্য হেসিয়ান কাপড় (চট), পাতলা ফোম এবং কম্বল দিয়ে আচ্ছাদিত করুন<br>৩. ব্লক প্রিন্টিংয়ের জন্য কাপড় বাছাই করুন |

| | |
|---|---|
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)- ২ : ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্জক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্জক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| শিখন কার্যক্রম<br>(Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা<br>(Resources / Special instructions) |
|---|---|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের ” ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা” বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ২ : ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>জব/টাস্ক শিট ২.১ : ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ বাছাই এবং সংগ্রহ করুন<br>জব/টাস্ক শিট ২.২: ব্লক প্রিন্টিংয়ের কাজে ওয়ার্কিং টেবিলের প্যাড তৈরির জন্য জন্য হেসিয়ান কাপড় (চট), পাতলা ফোম এবং কম্বল দিয়ে আচ্ছাদিত করুন<br>জব/টাস্ক শিট ২.৩:ব্লক প্রিন্টিংয়ের জন্য কাপড় বাছাই করুন |

## ইনফরমেশন শিট (Information Sheet) ২: ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

২.১ ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে
২.২ ব্লক প্রিন্টিংয়ের কাজে ওয়ার্কিং টেবিলের প্যাড তৈরির জন্য হেসিয়ান কাপড় (চট), পাতলা ফোম এবং কম্বল দিয়ে আচ্ছাদিত করা হয়েছে
২.৩ মার্কিং কাপড় দিয়ে প্যাড আবৃত করা হয়েছে
২.৪ ব্লক প্রিন্টিংয়ের জন্য কাপড় বাছাই করা হয়েছে
২.৫ মাড়যুক্ত কাপড় প্রক্রিয়াকরণ করা হয়েছে
২.৬ রেডি পেস্ট ব্যবহার না করার কারণে ব্লক প্রিন্টিংয়ের জন্য প্রিন্ট পেস্ট প্রস্তুত করা হয়েছে
২.৭ ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী কাঠের ফর্মা (ব্লক) বাছাই ও সংগ্রহ করা হয়েছে

### ২.১ ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ

ব্লক প্রিন্ট করার জন্য যেসকল টুলস ও সরঞ্জাম প্রয়োজন হবে তা নিম্নে উল্লেখ করা হলো।

**কাঠের টেবিলঃ**

ব্লক প্রিন্টের জন্য যে সরঞ্জামটি সবার প্রথমে প্রয়োজন তা হল একটি মজবুত কাঠের টেবিল। এটি বাজার থেকে কিনে নেওয়া যেতে পারে অথবা কাঠমিস্ত্রি দিয়ে তৈরি করিয়ে নেওয়া যেতে পারে। টেবিলটি লম্বায় ৫ ফুট থেকে ১২ ফুট এবং প্রস্থে ৩ ফুট থেকে ৪ ফুট হলে ভালো হয়। টেবিলটির উচ্চতা ৩-৪ ফুট হলে ভালো হয়। তবে এ মাপের চেয়ে ছোট বা বড় হলেও সমস্যা নেই।



**রঙের ট্রেঃ**

আজকাল বিভিন্ন ধরণের রঙের ট্রে বা প্লাস্টিকের পাত্র কিনতে পাওয়া যায়। তবে কাঠের চারকোনা ফ্রেম তৈরি করে তার নীচে ভারী রেক্সিন বা পলিথিন লাগিয়েও রঙের ট্রে তৈরি করা যেতে পারে।



**কাঠের ডাইস/ ব্লকঃ**

কাঠের ব্লক এ কাজের জন্য অন্যতম অনুসঙ্গা। ব্লকের কাজ করার জন্য বিভিন্ন ডিজাইনে কাঠের ব্লক প্রয়োজন হবে যা বাজারে কিনতে পাওয়া যায় অথবা তৈরি করিয়ে নিতে হয়। তবে স্পেশাল কোন ডিজাইন হলে তা অবশ্যই তৈরি করিয়ে নিতে হবে।



**প্লাস্টিকের বাটিঃ**

ব্লকের কাজ করার জন্য রং তৈরি করতে হয় বা রং মেশাতে হয়। এ কাজটি করার জন্য প্লাস্টিকের বাটি প্রয়োজন হবে যা বাজারে বিভিন্ন সাইজের কিনতে পাওয়া যায়।



**চামচঃ**

রং নেওয়ার জন্য এবং তা মেশানোর জন্য একাধিক প্লাস্টিকের বা স্টিলের চামচ দরকার হবে। এ চামচ ক্রোকারিজের দোকানে কিনতে পাওয়া যায়।



এছাড়া টেবিল প্রস্তুত করা ও অন্যান্য কাজের জন্য নিম্নলিখিত সরঞ্জামগুলো প্রয়োজন হবে।

- কম্বলের টুকরা
- রেক্সিন/ পলিথিন
- রং মেশানোর ব্রাশ
- রঙের ব্রাশ
- রং পরিস্কার করার ব্রাশ
- রং ও উপকরণ মাপার পাল্লা
- মেজারিং টেপ
- সিজার
- আয়রন/ ইস্ত্রি করার মেশিন ইত্যাদি
-




উপরোক্ত টুলস ও সরঞ্জামগুলো ছাড়াও ব্লকের কাজ করার জন্য বিভিন্ন উপকরণ প্রয়োজন হয়। নীচে তা উল্লেখ করা হল।

- কাপড়
- রং
- পানি
- গুঁড়ো সাবান
- সিলিকেট
- কস্টিক সোডা
- কাপড় কাচার সোডা
- পারঅক্সাইড
- চক
- কাগজ ইত্যাদি



## ২.২ ব্লক প্রিন্টিংয়ের জন্য প্যাড তৈরি

ব্লকের কাজ করতে গেলে প্রথমেই টেবিলটি প্রস্তুত করতে হয়। প্যাড তৈরির জন্য টেবিলের কাঠের উপর প্রথমে ৫/৬ পরত চট (হেসিয়ান) বিছিয়ে নিতে হয়। তার উপর ফোম বিছিয়ে এর উপর ১/২ পরত কম্বল বিছিয়ে সব শেষে একটি ভারী মার্কিন কাপড় টান টান করে বিছিয়ে শক্ত করে আটকে নিতে হবে। খেয়াল রাখতে হবে যেন প্যাডের কোন কাপড়ের পরতে যেন কোন ভাঁজ না থাকে। এ প্রক্রিয়ায় টেবিল প্রস্তুত করলে ব্লকের কাজ সুন্দর ও কোয়ালিটি সম্পন্ন হবে।



## ২.৩ মার্কিং কাপড় দিয়ে প্যাড আবৃত করা

প্যাড তৈরির জন্য টেবিলের কাঠের উপর প্রথমে ৫/৬ পরত চট (হেসিয়ান) বিছিয়ে নিতে হয়। তার উপর ফোম বিছিয়ে এর উপর ১/২ পরত কম্বল বিছিয়ে সব শেষে একটি ভারী মার্কিন কাপড় টান টান করে বিছিয়ে শক্ত করে আটকে নিতে হবে। খেয়াল রাখতে হবে যেন প্যাডের কোন কাপড়ের পরতে যেন কোন ভাঁজ না থাকে।

## ২.৪ ব্লক প্রিন্টিংয়ের জন্য কাপড় বাছাই

ব্লক প্রিন্টিং করার জন্য কটন কাপড়ই সেরা। কটনে তৈরি ভয়েল/ পপলিন, টুইল, ক্যানভাস ইত্যাদি কাপড়ে ব্লক প্রিন্টিং ভালো হয়। তাছাড়া অ্যান্ডি কটন, লিনেন, সিল্ক এমনকি আজকাল ডেনিম কাপড়েও ব্লক প্রিন্ট করা হয়। ব্লক প্রিন্ট করার জন্য কাপড় বাছাইয়ের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো খেয়াল রাখা প্রয়োজন।



কাপড় যদি সাদা না হয় তাহলে রঙের দীর্ঘস্থায়ীত্ব দেখে কাপড় বাছাই করতে হবে। কারণ কাপড়ের রং স্থায়ী না হলে কিছুদিন পর ব্লকের রং ঠিক থাকলেও কাপড়ের রং উঠে যাওয়ার কারণে পোশাকটি বাতিল হয়ে যাবে।

কাপড়ে অনেক মাড় থাকলেও অসুবিধা নেই যদি কাপড় ধুয়ে মাড় দূর করা যায়।

ব্লকের জন্য কাপড় একরঙা হওয়াই ভালো। তবে বিশেষ ডিজাইনের জন্য প্রিন্টেড বা অন্য অরনামেন্টেশনে কাপড় হতে পারে।

## ২.৫ মাড়যুক্ত কাপড় প্রক্রিয়াকরণ

আমরা জানি, কমবেশি প্রায় সব কাপড়েই মাড় অথবা বিভিন্ন ধরণের ফিনিশিং ম্যাটেরিয়াল থাকে। ব্লকের কাজ করতে গেলে এসকল কাপড় প্রক্রিয়াকরণ করে বিশেষত কাপড় ধুয়ে তা ব্লক করার জন্য উপযোগী করতে হয়। মাড়যুক্ত কাপড় প্রক্রিকরনের পদ্ধতি নিম্নরূপঃ



- প্রথমত কাপড় চেক করে নিতে হবে যেন তাতে কোয়ালিটি সংক্রান্ত কোনো সমস্যা না থাকে
- কাপড়টি খুব ভালোভাবে পানিতে পানিতে ভিজিয়ে নিতে হবে
- ডিটারজেন্ট বা সাবান দিয়ে কাপড় খুব ভালোভাবে কেঁচে নিতে হবে এবং চেক করে দেখতে হবে কাপড় থেকে মার বা অন্যান্য ফিনিশিং মেটেরিয়াল দূর হলো কিনা
- এবার কাপড় পুরোদমে শুকাতে হবে। এক্ষেত্রে হালকা রোদে অথবা অথবা ছায়ায় কিংবা ফ্যানের বাতাসে শুকিয়ে নেয়া যেতে পারে। তবে লক্ষ্য রাখতে হবে যে কাপড় শুকানোর সময় কোন অবস্থাতেই যেন কাপড়ে ময়লা অথবা অন্য কোন দাগ না লাগে।
- কাপড় ধোয়ার সময় বিভিন্ন কালারের কাপড় একসাথে ধোয়া যাবেনা। এক এক কালারের কাপড় আলাদা আলাদা ভাবে ধুতে হবে।
- কাপড় শুকানোর পর কাপড়ের অবস্থা বুঝে যথাযথভাবে তা আয়রন করতে হবে। খেয়াল রাখতে হবে, খুব বেশি আয়রন যেন না হয়।

## ২.৬ ব্লক প্রিন্টিংয়ের জন্য প্রিন্ট পেস্ট প্রস্তুত করা



ব্লক প্রিন্ট করার জন্য প্রিন্ট পেস্ট তৈরি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ। এ কাজ যত সঠিকভাবে করা যাবে, ব্লক প্রিন্ট এর কাজ ততই ভালো হবে। অনেক সময় দেখা যায় প্রিন্ট তৈরির সমস্যার কারণে ব্লকের কাজ ভালো হয় না। তাই এ ব্যাপারে আমাদেরকে সর্বদাই সতর্ক থাকতে হবে। সাধারণত ব্লকের কাজ করার জন্য দুই ভাবে প্রিন্ট পেস্ট পাওয়া যেতে পারে।

রেডিমেড প্রিন্ট পেস্ট যা বাজার থেকে সরাসরি তৈরি অবস্থায় কেনা যায়

কাজের জন্য প্রয়োজন অনুযায়ী প্রিন্ট পেস্ট তৈরি করে নেয়া

বাজার থেকে সরাসরি প্রিন্ট পেস্ট কিনতে হলে ব্লক বাটিক মেটেরিয়াল এর দোকানে গিয়ে চাইলেই রেডি পেস্ট পাওয়া যাবে তবে নিজে প্রিন্ট পেস্ট তৈরি করতে চাইলে সকল ম্যাটেরিয়াল ক্রয় করে তা মিক্সিং করতে হয়। এখানে উল্লেখ্য যে ব্লকের কাজের পরিমাণ যদি কম হয় তাহলে বাজার থেকে রেডি পেস্ট কিনে নেওইয়াই ভালো। আর যদি কাজের পরিমাণ বেশি হয় তাহলে রেডি পেস্ট না কিনে মেটেরিয়াল কিনে তা তৈরি করে নেওয়া উত্তম। আমরা সাধারণত পাঁচ ধরনের প্রিন্ট পেস্ট তৈরি করি। যথাঃ

- নিউটেক্স
- হোয়াইট পেস্ট
- গোল্ডেন পেস্ট
- সিলভার পেস্ট এবং
- আফসান

প্রিন্ট পেস্ট তৈরি করার জন্য আমাদেরকে রাসায়নিকসমুহ সংগ্রহ করার পর প্রয়োজনীয় উপকরণসমূহ মিক্স করে নিতে হবে। এক্ষেত্রে পরিমান একটি বিবেচ্য বিষয়। ব্যবহারিক প্রশিক্ষনে এ বিষয়গুলো আলচিত হবে এবং প্রশিক্ষণার্থীদের মনোযোগের সাথে তো প্রত্যক্ষ করার জন্য বলা হচ্ছে। উক্ত পাঁচ ধরণের প্রিন্ট পেস্ট তৈরি করার জন্য যে রাসায়নিকগুলো প্রয়োজন হবে তা নিম্নরুপঃ

**নিউটেক্স**

- পানি
- পিজি গাম
- এপিটন
- বাইন্ডার
- এন কে ফিক্সার
- অক্সাল (অক্সালিক এসিড)



**হোয়াইট পেস্ট**



- পানি
- টিটি পাউডার
- এপিটন
- বাইন্ডার
- এন কে ফিক্সার
- অক্সাল (অক্সালিক এসিড)

**গোল্ডেন পেস্ট**

- সাদা পেস্ট
- গোল্ডেন হলুদ রং
- গোল্ডেন আফসান

**সিলভার পেস্ট এবং**

- সাদা পেস্ট
- কালো রং
- সিলভার আফসান

**আফসান**

- এফ-৫৩
- গোল্ডেন আফসান / সিলভার আফসান

## ২.৭ ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী কাঠের ফর্মা (ব্লক) বাছাই ও সংগ্রহ করা

ব্লকের কাজ করার জন্য কাঠের ফর্মা বা ব্লক ডাইস একটি গুরুত্বপূর্ণ অনুষঙ্গ। এ ব্লক ফর্মা কিছু কমন ডিজাইনে বাজারে সব সময় কিনতে পাওয়া যায়। সুতরাং কাজ করার জন্য সেগুলো কিনে নেওয়াই শ্রেয়। তবে ক্রেতার বিশেষ ডিজাইনের চাহিদার কারণে অনেক সময় আমাদের বিভিন্ন ডিজাইনে ব্লকের ডাইস তৈরি করে নিতে হয়। এটি যদিও একটু সময় ও ব্যায় সাপেক্ষ। ব্লকের কাজ করতে গেলে সাধারণত ব্লকের ফ্যাক্টরিতে প্রচুর ফর্মা জামা থাকে। আমরা কোন কাজ করার জন্য প্রথমত সেখান থেকে ডাইস বাছাই করতে পারি। তবে যদি সংগ্রহে থাকা ডাইসগুলো বায়ারের চাহিদার সাথে না মিলে তাহলে ব্লক ডাইস কিনতে হয়। এখানে উল্লেখ করা প্রয়োজন, একটি

ডাইস অনেকদিন ব্যবহার করা যায়। ভেঙ্গো না গেলে অথবা নষ্ট না হলে ডাইস আমরা ব্যবহার করতেই থাকি। এক্ষেত্রে কথা হচ্ছে কাজের শেষে আমাদেরকে ডাইসগুলো খুব ভালোভাবে যত্নসহকারে সংরক্ষণ করতে হবে।

## সেলফ চেক (Self-Check)- ২: ব্লক প্রিন্টের জন্য প্রস্তুত করতে পারা

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. প্রশ্ন: ব্লকের টেবিলের মাপ কত হলে ভালো হয়?

উত্তর:

২. প্রশ্ন: ব্লকের কাজের রঙের ট্রে কেমন হয়?

উত্তর:

৩. প্রশ্ন: ব্লক করার জন্য টেবিল প্রস্তুত করা ও অন্যান্য কাজের জন্য কি কি সরঞ্জাম প্রয়োজন হয়?

উত্তর:

৪. প্রশ্ন: ব্লকের কাজের জন্য প্যাড কিভাবে তৈরি করা হয়?

উত্তর:

৫. প্রশ্ন: ব্লকের কাপড় বাছাইয়ে কি কি বিষয় খেয়াল রাখতে হবে?

উত্তর:

৬. প্রশ্ন: হোয়াইট পেস্ট তৈরি করার জন্য কি কি উপকরণ প্রয়োজন?

উত্তর:

## উত্তরপত্র (Answer Key)- ২: ব্লক, বাটিক এবং স্ক্রিন প্রিন্টিংয়ের ব্যবহার চিহ্নিত করতে পারা

১. প্রশ্ন: **ব্লকের টেবিলের মাপ কত হলে ভালো হয়?**

**উত্তরঃ** ব্লকের টেবিলটি লম্বায় ৫ ফুট থেকে ১২ ফুট এবং প্রস্থে ৩ ফুট থেকে ৪ ফুট হলে ভালো হয়। টেবিলটির উচ্চতা ৩-৪ ফুট হলে ভালো হয়।

২. প্রশ্ন: **ব্লকের কাজের রঙের ট্রে কেমন হয়?**

**উত্তরঃ** আজকাল বিভিন্ন ধরণের রঙের ট্রে বা প্লাস্টিকের পাত্র কিনতে পাওয়া যায়। তবে কাঠের চারকোনা ফ্রেম তৈরি করে তার নীচে ভারী রেক্সিন বা পলিথিন লাগিয়েও রঙের ট্রে তৈরি করা যেতে পারে।

৩. প্রশ্ন: **ব্লক করার জন্য টেবিল প্রস্তুত করা ও অন্যান্য কাজের জন্য কি কি সরঞ্জাম প্রয়োজন হয়?**

**উত্তরঃ** ব্লকের জন্য টেবিল প্রস্তুত করা ও অন্যান্য কাজের জন্য নিম্নলিখিত সরঞ্জামগুলো প্রয়োজন হবে।

- কম্বলের টুকরা
- রেক্সিন/ পলিথিন
- রং মেশানোর ব্রাশ
- রঙের ব্রাশ
- রং পরিস্কার করার ব্রাশ
- রং ও উপকরণ মাপার পাল্লা
- মেজারিং টেপ
- সিজার
- আয়রন/ ইস্ত্রি করার মেশিন ইত্যাদি

৪. প্রশ্ন: **ব্লকের কাজের জন্য প্যাড কিভাবে তৈরি করা হয়?**

**উত্তরঃ** প্যাড তৈরির জন্য টেবিলের কাঠের উপর প্রথমে ৫/৬ পরত চট (হেসিয়ান) বিছিয়ে নিতে হয়। তার উপর ফোম বিছিয়ে এর উপর ১/২ পরত কম্বল বিছিয়ে সব শেষে একটি ভারী মার্কিন কাপড় টান টান করে বিছিয়ে শক্ত করে আটকে নিতে হবে।

৫. প্রশ্ন: **ব্লকের কাপড় বাছাইয়ে কি কি বিষয় খেয়াল রাখতে হবে?**

**উত্তরঃ** ব্লক প্রিন্ট করার জন্য কাপড় বাছাইয়ের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো খেয়াল রাখা প্রয়োজন।

১। কাপড় যদি সাদা না হয় তাহলে রঙের দীর্ঘস্থায়ীত্ব দেখে কাপড় বাছাই করতে হবে। কারণ কাপড়ের রং স্থায়ী না হলে কিছুদিন পর ব্লকের রং ঠিক থাকলেও কাপড়ের রং উঠে যাওয়ার কারণে পোশাকটি বাতিল হয়ে যাবে।

২। কাপড়ে অনেক মাড় থাকলেও অসুবিধা নেই যদি কাপড় ধুয়ে মাড় দূর করা যায়।

৩। ব্লকের জন্য কাপড় একরঙা হওয়াই ভালো। তবে বিশেষ ডিজাইনের জন্য প্রিন্টেড বা অন্য অরনামেন্টেশনে কাপড় হতে পারে।

৬. প্রশ্ন: **হোয়াইট পেস্ট তৈরি করার জন্য কি কি উপকরণ প্রয়োজন?**

**উত্তরঃ** হোয়াইট পেস্ট তৈরি করার জন্য যে উপকরনগুলো প্রয়োজন তা নিম্নরুপঃ

ক। পানি খ। টিটি পাউডার গ। এপিটন ঘ। বাইন্ডার ঙ। এন কে ফিক্সার চ। অক্সাল (অক্সালিক এসিড)

# অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-২.১: ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ বাছাই এবং সংগ্রহ করুন

**উদ্দেশ্য**: ব্লক প্রিন্টের জন্য প্রস্তুতি গ্রহণ

**কাজের ধারাবাহিকতা:**

১. ব্লক প্রিন্টের কাজের জন্য সরঞ্জামের তালিকা সংগ্রহ করুন
২. তালিকা অনুযায়ী টুলস ও সরঞ্জাম বাছাই করুন
৩. তালিকা অনুযায়ী উপকরণ সংগ্রহ করুন
৪. নির্ভুলতা যাচাইয়ের জন্য পুনরায় চেক করুন

**স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-২.১: ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ বাছাই এবং সংগ্রহ করুন**

**পিপিই**

| ক্রমিক নং | পিপিইর তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১ | মাস্ক | স্ট্যান্ডার্ড অনুসারে | ১টি |
| ২ | হ্যান্ড গ্লভস | স্ট্যান্ডার্ড অনুসারে | ১টি |

**টুলস, সরঞ্জাম**

| ক্রমিক নং | টুলস, সরঞ্জাম এর তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১. | রঙের ট্রে | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ২. | কাঠের ডাইস/ ব্লক | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৩. | প্লাস্টিকের বাটি | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৪. | চামচ | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৫. | রং মেশানোর ব্রাশ | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৬. | রং ও উপকরণ মাপার পাল্লা | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৭. | আয়রন/ ইস্ত্রি | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |

**উপকরণ**

| ক্রমিক নং | উপকরণের তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১. | কাপড় | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ গজ |
| ২. | রং | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৩. | পানি | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৪. | সিলিকেট | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৫. | কস্টিক সোডা | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৬. | কাপড় কাচার সোডা | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৭. | পারঅক্সাইড | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-২.২: ব্লক প্রিন্টিংয়ের  কাজে ওয়ার্কিং টেবিলের প্যাড তৈরির জন্য জন্য হেসিয়ান কাপড় (চট), পাতলা ফোম  এবং কম্বল দিয়ে আচ্ছাদিত করণ

উদ্দেশ্য: ব্লক প্রিন্টের জন্য প্রস্তুতি গ্রহণ

**কাজের ধারাবাহিকতা:**

১. ওয়ার্কিং টেবিলের প্যাড তৈরির জন্য সরঞ্জাম ও উপকরণ সংগ্রহ করুন
২. টেবিলের উপর প্রথমে চার পরত হেসিয়ান কাপড় (চট) টান টান করে বিছিয়ে নিন
৩. এরপর টেবিলের উপর পাতলা ফোম দিন
৪. এবার কম্বল বা মোটা মার্কিন কাপড় দিয়ে আচ্ছাদিত করুন
৫. সঠিকভাবে টেবিল প্রস্তুত হলো কিনা তা চেক করুন

## স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-২.২: ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ বাছাই এবং সংগ্রহ করণ

**পিপিই**

| ক্রমিক নং | পিপিইর তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১. | মাস্ক | স্ট্যান্ডার্ড অনুসারে | ১টি |
| ২. | হ্যান্ড গ্লভস | স্ট্যান্ডার্ড অনুসারে | ১টি |

**টুলস, সরঞ্জাম ও উপকরণ**

| ক্রমিক নং | টুলস, সরঞ্জাম এর তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১. | হেসিয়ান কাপড় (চট) | স্ট্যান্ডার্ড অনুসারে | প্রয়োজন মতো |
| ২. | পাতলা ফোম | স্ট্যান্ডার্ড অনুসারে | প্রয়োজন মতো |
| ৩. | কম্বল/ মার্কিন কাপড় | স্ট্যান্ডার্ড অনুসারে | প্রয়োজন মতো |

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-২.৩: ব্লক প্রিন্টিংয়ের জন্য কাপড় বাছাই করণ

**উদ্দেশ্য**: ব্লক প্রিন্টের জন্য প্রস্তুতি গ্রহণ

**কাজের ধারাবাহিকতা:**

১. ব্লক প্রিন্টের কাজের জন্য ব্লকের ডিজাইনের সাথে মিল রেখে কাপড় বাছাই করুন
২. কাপড়ের রং সাদা হলে ভালো হয়। রঙ্গিন হলে রঙের দীর্ঘস্থায়ীত্ব দেখে বাছাই করুন
৩. কাপড়ে মাড়ের পরিমান চেক করে নিন
৪. নির্ভুলতা যাচাইয়ের জন্য প্রশিক্ষকের সাথে যোগাযোগ করুন

## শিখনফল (Learning Outcome)- ৩ : এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট বাতিলকৃত কাপড় বা কাগজে যাচাই এবং পরীক্ষা করা হয়েছে<br>২. টেবিলের উপর কাপড় বিছানো হয়েছে এবং ভাঁজ এড়াতে পিন দিয়ে আটকে দেওয়া হয়েছে<br>৩. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট করা হয়েছে<br>৪. প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট<br>১০. প্রয়োজনীয় পিপিই |
| বিষয়বস্তু | ১. কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট চেক এবং পরীক্ষা করা<br>২. কাপড় টেবিলের উপর বিছানো এবং বিকৃতি এড়াতে পিন দিয়ে আটকে দেওয়া<br>৩. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী এক রঙের ব্লক প্রিন্ট করা<br>৪. প্রিন্ট করা কাপড় শুকানো |
| এক্টিভিটি | ১. কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট কাপড় বা কাগজে পরীক্ষা করুন<br>২. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করুন<br>৩. প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো সম্পন্ন করুন |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)- ৩ : এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্জক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্জক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| **শিখন কার্যক্রম (Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের"এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা"বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৩ : এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৩ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৩ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট ৩: অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>এক্টিভিটি ৩.১: কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট কাপড় বা কাগজে পরীক্ষা করুন<br>এক্টিভিটি ৩.২: ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করুন<br>এক্টিভিটি ৩.৩: প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো সম্পন্ন করুন |

## ইনফরমেশন শিট (Information Sheet) ৩: এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

৩.১ কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট বাতিলকৃত কাপড় বা কাগজে যাচাই এবং পরীক্ষা করা হয়েছে
৩.২ টেবিলের উপর কাপড় বিছানো হয়েছে এবং ভাঁজ এড়াতে পিন দিয়ে আটকে দেওয়া হয়েছে
৩.৩ ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট করা হয়েছে
৩.৪ প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো হয়েছে

### ৩.১ কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট চেক এবং পরীক্ষা করা



প্রিন্ট পেস্ট তৈরি হওয়ার পর মূল কাপড়ে ব্লক প্রিন্ট করার আগে কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট চেক করা খুবই গুরুত্বপূর্ণ। কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট চেক করার জন্য বাতিলকৃত কাপড় বা কাগজ ব্যবহার করা যেতে পারে। এমনকি খবরের কাগজ ও ব্যবহার করা যেতে পারে। এ কাজটি করার জন্য রংয়ের ট্রেতে প্রিন্ট পেস্ট লাগিয়ে তাতে ব্লকের ডাইসটি চেপে ধরে রং লাগিয়ে তা পুরনো কাপড়ে বা কাগজে ছাপ মেরে নিতে হবে। এরপর রং শুকানো হলে নিম্নলিখিত বিষয়গুলো চেক করতে হবে।

**ক** ব্লকের ডিজাইন বায়ারের দেওয়া ডিজাইন এর সাথে পুরোপুরি মিলছে কিনা।
**খ** ব্লকের লাইনগুলো পরিষ্কার বোঝা যাচ্ছে কিনা।
**গ** ডিজাইনের কোথাও অস্পষ্টতা আছে কিনা।
**ঘ** কোথাও স্পষ্ট, কোথাও অস্পষ্ট ডিজাইনে এরকম কিছু আছে কিনা।
**ঙ** তৈরি রংয়ের শেড ঠিক আছে কিনা।
**চ** রঙের ঘনত্ব বেশি বা কম আছে কিনা ইত্যাদি।

### ৩.২ কাপড় টেবিলের উপর বিছানো এবং বিকৃতি এড়াতে পিন দিয়ে আটকে দেওয়া

ব্লক করার জন্য প্রস্তুতি গ্রহণের অংশ হিসেবে নির্ধারিত কাপড় টেবিলের উপর বিছাতে হবে। কাপড় বিছানোর ক্ষেত্রে অবশ্যই কাপড়ের সঠিক দিক এবং উল্টা দিক ঠিক করে নিতে হবে। টেবিলের উপর কাপড়ের সঠিক দিকটি উপরের দিকে রেখে কাপড় বিছাতে হবে। এ বিষয়টি খুব সাবধানতার সাথে খেয়াল করতে হবে। অনেক সময় কাপড়ের সঠিক দিক এবং উল্টা দিক দেখতে একই রকম দেখায়। এক্ষেত্রে কাপড়ের পাড়/ প্রান্ত দেখে তা ঠিক করে নিতে হবে।

কাপড় টেবিলের উপর বিছানোর পর তা টানটান করে নিতে হবে। খেয়াল রাখতে হবে যেন কাপড়ে কোন ভাঁজ না থাকে। কাপড় যদি টেবিলের উপর টানটান হয়ে না থাকে, তাহলে তা পিন দিয়ে আটকে নিতে হবে। সাধারণত কাপড় একটু ভারী হলে তা টেবিলের উপর সমান ভাবে থাকে, কিন্তু কাপড় পাতলা হলে তা বাতাসের সাথে উড়তে পারে অথবা নড়াচড়া করতে পারে। এক্ষেত্রে কাপড় পিন দিয়ে আটকে নেওয়াই শ্রেয়।

## ৩.৩ ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী এক রঙের ব্লক প্রিন্ট করা

ব্লক করার প্রস্তুতি সম্পন্ন হবার পর এবার ব্লকের কাজ করার পালা। এক রঙের ব্লকের কাজ করতে হলে, কাপড় টেবিলে বিছানোর পর প্রয়োজনীয় সকল সরঞ্জাম হাতের কাছে নিয়ে নিতে হবে। এরপর ব্লকের ডাইসে রংয়ের ট্রে থেকে রং লাগিয়ে কাপড়ে ছাপ দেওয়া শুরু করতে হবে। এই কাজটি করার সময় নিম্নলিখিত নিয়মাবলী প্রতিপালন করতে হবে।



- কোন অবস্থাতেই তাড়াহুড়া করা যাবে না।
- রংয়ের ট্রে থেকে ব্লকের ডাইসে রং লাগিয়ে ধারাবাহিকভাবে কাপড়ে চাপ দিতে হবে।
- ব্লক ডাইসে রং লাগানোর সময় অতিরিক্ত চাপ দেয়া যাবে না।
- কাপড়ে ব্লকের ছাপ দেয়ার সময় যতটা সম্ভব চেপে ছাপ দিতে হবে।
- ছাপ দেওয়ার পর ব্লকের ডাইস দ্রুত এবং একবারে কাপড় থেকে উঠিয়ে নিতে হবে।
- কাজ করার সময় নিজ উদ্যোগে ব্লকের কোয়ালিটি চেক করতে হবে।
- ব্লকের রং শুকানোর জন্য যথাযথ সময় দেয়া লাগবে।
- বড় ধরনের কাপড় ধীরে ধীরে টেনে টেনে কাজ করতে হবে। একপাশে কাজ হবে এবং অন্য পাশে কাপড় শুকাতে থাকবে। এই প্রক্রিয়ায় কাজ এগিয়ে নিতে হবে।
- ব্লকের কাজ করার সময় মনোযোগ শুধুমাত্র কাজের দিকেই রাখতে হবে। অন্যজনের সাথে কথা বলা, খাওয়া-দাওয়া অথবা অন্য কোন কাজে মনোযোগী হওয়া উচিত নয়।

## ৩.৪ প্রিন্ট করা কাপড় শুকানো

ব্লকের কাজ করার পর প্রিন্ট করা কাপড় যথানিয়মে শুকাতে হবে। কাপড় ভালোভাবে না শুকালে কাপড়ে করা প্রিন্টের ডিজাইন ভেস্তে যেতে পারে। তাই শুধু ব্লকের কাজ করে গেলেই চলবে না বরং ব্লক করা কাপড় শুকানোর দিকেও মনোযোগ দিতে হবে।

কাপড় শুকানোর ক্ষেত্রে নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করা যেতে পারে।

- কাপড় রোদে অথবা ছায়ায় অথবা ফ্যানের বাতাসে ভালোভাবে শুকাতে হবে।
- কাপড় শুকানোর সময় খেয়াল রাখতে হবে যেন এক পাশের রং অন্য পাশে না লেগে যায় অথবা লেপ্টে না যায়।
- কাপড় ছায়ায় বা ফ্যানের বাতাসে শুকালেও হালকা রোদে কিছুক্ষণ শুকিয়ে নিলে ভালো হয়।
- কাপড় শুকাতে গিয়ে যেন কাপড়ে ময়লা বা দাগ না লাগে সেদিকে দৃষ্টি রাখতে হবে।
- রঙিন কাপড় রোদে শুকালে দীর্ঘ সময় তা রোদে রাখা উচিত নয়।



**কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট করার ফ্লো চার্ট**

| |
|---|
| ব্লকের সকল সরঞ্জাম ও উপকরণ জোগাড় করা |
| প্রিন্ট পেস্ট প্রস্তুত করা |
| ব্লকের ডাইস ও প্রিন্ট পেস্ট বাতিল কাপড় বা কাগজে ছাপ মেরে চেক করা |
| নির্ধারিত কাপড় কাজের টেবিলে বিছানো এবং পিন দিয়ে আটকে নেওয়া |
| নির্ধারিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করা |
| কাপড়ে প্রিন্ট সম্পন্ন করার পর যথাযথভাবে শুকানো |

## সেলফ চেক (Self-Check)- ৩: এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করতে পারা

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. প্রশ্ন: প্রিন্ট পেস্ট ও কাঠের ডাইস পরীক্ষার পদ্ধতি কী?
উত্তর:

২. প্রশ্ন: ব্লকের কাজ করার সময় কী কী কাজ প্রতিপালন করতে হবে?
উত্তর:

৩. প্রশ্ন: কাপড় শুকানোর ক্ষেত্রে কী কী পদক্ষেপ নেওয়া উচিৎ?
উত্তর:

৪. প্রশ্ন: ব্লক প্রিন্ট করার ৩টি নিয়মাবলী লিখুন।
উত্তর:

৫. প্রশ্ন: কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট চেক করার ৩টি নিয়ম লিখুন।
উত্তর:

## উত্তরপত্র (Answer Key)- ৩: টুলস, সরঞ্জাম এবং যন্ত্রপাতি সনাক্ত করতে পারা

১. প্রশ্ন: প্রিন্ট পেস্ট ও কাঠের ডাইস পরীক্ষার পদ্ধতি কী?

উত্তর: প্রিন্ট পেস্ট ও কাঠের ডাইস পরীক্ষার কাজটি করার জন্য রংয়ের ট্রেতে প্রিন্ট পেস্ট লাগিয়ে তাতে ব্লকের ডাইসটি চেপে ধরে রং লাগিয়ে তা পুরনো কাপড়ে বা কাগজে ছাপ মেরে নিতে হবে। এরপর রং শুকানো হলে চেক করে দেখতে হবে রং ও ডাইস ঠিক আছে কিনা।

২. প্রশ্ন: ব্লকের কাজ করার সময় ৩টি করনীয় কাজ লিখুন?

উত্তর: ব্লকের কাজ করার সময় নিম্নলিখিত নিয়মাবলী প্রতিপালন করতে হবে।

১। কোন অবস্থাতেই তাড়াহুড়া করা যাবে না।

২। রংয়ের ট্রে থেকে ব্লকের ডাইসে রং লাগিয়ে ধারাবাহিকভাবে কাপড়ে চাপ দিতে হবে।

৩। ব্লক ডাইসে রং লাগানোর সময় অতিরিক্ত চাপ দেয়া যাবে না।

৪। কাপড়ে ব্লকের ছাপ দেয়ার সময় যতটা সম্ভব চেপে ছাপ দিতে হবে।

৫। ছাপ দেওয়ার পর ব্লকের ডাইস দ্রুত এবং একবারে কাপড় থেকে উঠিয়ে নিতে হবে।

৬। কাজ করার সময় নিজ উদ্যোগে ব্লকের কোয়ালিটি চেক করতে হবে।

৭। ব্লকের রং শুকানোর জন্য যথাযথ সময় দেয়া লাগবে।

৩. প্রশ্ন: কাপড় শুকানোর ক্ষেত্রে কী কী পদক্ষেপ নেওয়া উচিৎ ৩টি লিখুন?

উত্তর: কাপড় শুকানোর ক্ষেত্রে নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করা যেতে পারে।

১। কাপড় রোদে অথবা ছায়ায় অথবা ফ্যানের বাতাসে ভালোভাবে শুকাতে হবে।

২। কাপড় শুকানোর সময় খেয়াল রাখতে হবে যেন এক পাশের রং অন্য পাশে না লেগে যায় অথবা লেপ্টে না যায়।

৩। কাপড় ছায়ায় বা ফ্যানের বাতাসে শুকালেও হালকা রোদে কিছুক্ষণ শুকিয়ে নিলে ভালো হয়।

৪। কাপড় শুকাতে গিয়ে যেন কাপড়ে ময়লা বা দাগ না লাগে সেদিকে দৃষ্টি রাখতে হবে।

৫। রঙিন কাপড় রোদে শুকালে দীর্ঘ সময় তা রোদে রাখা উচিত নয়।

৪. প্রশ্ন: ব্লক প্রিন্ট করার ৩টি নিয়মাবলী লিখুন।

উত্তর:

- কোন অবস্থাতেই তাড়াহুড়া করা যাবে না।
- রংয়ের ট্রে থেকে ব্লকের ডাইসে রং লাগিয়ে ধারাবাহিকভাবে কাপড়ে চাপ দিতে হবে।
- ব্লক ডাইসে রং লাগানোর সময় অতিরিক্ত চাপ দেয়া যাবে না।
- কাপড়ে ব্লকের ছাপ দেয়ার সময় যতটা সম্ভব চেপে ছাপ দিতে হবে।
- ছাপ দেওয়ার পর ব্লকের ডাইস দ্রুত এবং একবারে কাপড় থেকে উঠিয়ে নিতে হবে।
- কাজ করার সময় নিজ উদ্যোগে ব্লকের কোয়ালিটি চেক করতে হবে।

৫. প্রশ্ন: কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট চেক করার ৩টি নিয়ম লিখুন।

উত্তর: নিম্নলিখিত বিষয়গুলো চেক করতে হবে।

- ব্লকের ডিজাইন বায়ারের দেওয়া ডিজাইন এর সাথে পুরোপুরি মিলছে কিনা।
- ব্লকের লাইনগুলো পরিষ্কার বোঝা যাচ্ছে কিনা।
- ডিজাইনের কোথাও অস্পষ্টতা আছে কিনা।
- কোথাও স্পষ্ট, কোথাও অস্পষ্ট ডিজাইনে এরকম কিছু আছে কিনা।
- তৈরি রংয়ের শেড ঠিক আছে কিনা।
- রঙের ঘনত্ব বেশি বা কম আছে কিনা ইত্যাদি।

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৩.১: কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট কাপড় বা কাগজে পরীক্ষা করণ

**উদ্দেশ্য**: কাপড়ে ব্লক প্রিন্ট সম্পন্ন করা

**কাজের ধারাবাহিকতা:**

১. কাঠের ডাইস, ব্লকের রং এবং অন্যান্য সরঞ্জাম বাছাই ও সংগ্রহ করুন
২. সকল সরঞ্জাম ও উপকরণ একত্রিত করা হয়েছে কিনা তা চেক করুন
৩. রঙের ট্রে প্রস্তুত করুন
৪. ট্রেতে ব্রাশ দিয়ে রং লাগান
৫. এবারে ব্লকটি ট্রেতে চেপে ব্লকে রং লাগান
৬. পুরনো কাপড় বা কাগজে ব্লকের ছাপ দিন
৭. ব্লক করা স্থানটি শুকিয়ে নিন
৮. এবারে ব্লক প্রিন্টটি ভালোভাবে চেক করুন
৯. কোন সমস্যা থাকলে প্রশিক্ষককে রিপোর্ট করুন
১০. পরীক্ষা করে কাপড় বা কাগজটি প্রশিক্ষক কে প্রদর্শন করুন

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৩.২: ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করণ

**উদ্দেশ্য**: ব্লক প্রিন্ট সম্পন্নকরন

**কাজের ধারাবাহিকতা:**

১. ব্লক প্রিন্টের কাজের সকল টুলস, সরঞ্জাম ও উপকরণ সংগ্রহ করুন
২. ব্লক প্রিন্টের জন্য হোয়াইট প্রিন্ট পেস্ট তৈরি করুন
৩. ব্লকের জন্য প্রস্তুত টেবিলে নির্বাচিত কাপড় টান টান করে বিছিয়ে পিন দিয়ে আটকে নিন
৪. কাপড়ে নির্ধারিত ডিজাইনে ব্লক প্রিন্ট সম্পন্ন করুন
৫. কোন সমস্যা তৈরি হলে প্রশিক্ষকের সহায়তা নিন
৬. কাজটি শেষ হলে প্রশিক্ষককে প্রদর্শন করুন

## স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-৩.২: ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করণ

পিপিই

| ক্রমিক নং | পিপিইর তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১. | মাস্ক | স্ট্যান্ডার্ড অনুসারে | ১টি |
| ২. | হ্যান্ড গ্লভস | স্ট্যান্ডার্ড অনুসারে | ১টি |

**টুলস, সরঞ্জাম**

| ক্রমিক নং | টুলস, সরঞ্জাম এর তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১. | রঙের ট্রে | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ২. | কাঠের ডাইস/ ব্লক | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৩. | প্লাস্টিকের বাটি | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৪. | চামচ | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৫. | রং মেশানোর ব্রাশ | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৬. | রং ও উপকরণ মাপার পাল্লা | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |

**উপকরণ**

| ক্রমিক নং | উপকরণের তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১. | কাপড় | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ গজ |
| ২. | পানি | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৩. | টিটি পাউডার | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৪. | এপিটিন | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৫. | বাইন্ডার | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৬. | এন কে ফিক্সার | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৭. | অক্সাল (অক্সালিক এসিড) | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৩.৩: প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো সম্পন্ন করণ

**উদ্দেশ্য**: ব্লক প্রিন্ট সম্পন্নকরন

**কাজের ধারাবাহিকতা:**

১. ব্লক প্রিন্ট করা কাপড় শুকানোর জন্য স্থান নির্বাচন করুন
২. প্রয়োজন অনুযায়ী রশি টানিয়ে নিন
৩. ব্লক প্রিন্ট করা কাপড় শুকাতে দিন
৪. রোদে হলে ১৫-২০ মিনিট পর নামিয়ে নিন। ফ্যানের বাতাসে হলে ৩০-৪০ মিনিট পর নামিয়ে নিন
৫. কোন সমস্যা তৈরি হলে প্রশিক্ষকের সহায়তা নিন
৬. কাজটি শেষ হলে প্রশিক্ষককে প্রদর্শন করুন

## শিখনফল (Learning Outcome)- ৪ : একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট বাতিলকৃত কাপড় বা কাগজে যাচাই এবং পরীক্ষা করা হয়েছে<br>২. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে একধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করা হয়েছে<br>৩. প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট<br>১০. প্রয়োজনীয় পিপিই |
| বিষয়বস্তু | ১. কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট পরীক্ষা করা<br>২. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী একাধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করা<br>৩. প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো |
| এক্টিভিটি | ১. কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট চেক এবং পরীক্ষা করা করুন<br>২. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী একাধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করুন<br>৩. প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো সম্পন্ন করুন |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৪ : একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্জক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্জক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের ” একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা” বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৪ : একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৪ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র ৪-এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>এক্টিভিটি ৪.১: কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট চেক এবং পরীক্ষা করা করুন<br>এক্টিভিটি ৪.২: ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী একাধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করুন<br>এক্টিভিটি ৪.৩: প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো সম্পন্ন করুন |

## ইনফরমেশন শিট (Information Sheet) ৪: একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

**৪.১** কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট বাতিলকৃত কাপড় বা কাগজে যাচাই এবং পরীক্ষা করা হয়েছে

**৪.২** ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে একধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করা হয়েছে

**৪.৩** প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো হয়েছে

### ৪.১ কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট পরীক্ষা করা

যেকোনো ক্ষেত্রে কাপড়ে ব্লক প্রিন্ট করার জন্য কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট চেক করে নেওয়াটা জরুরী। কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট চেক করার জন্য বাতিলকৃত কাপড় বা কাগজ ব্যবহার করা যেতে পারে। এমনকি খবরের কাগজ ও ব্যবহার করা যেতে পারে। এ কাজটি করার জন্য রংয়ের ট্রেতে প্রিন্ট পেস্ট লাগিয়ে তাতে ব্লকের ডাইসটি চেপে ধরে তাতে রং লাগিয়ে তা পুরনো কাপড়ে বা কাগজে ছাপ মেরে নিতে হবে। এরপর রং শুকানো হলে নিম্নলিখিত বিষয়গুলো চেক করতে হবে। একাধিক রঙের ব্লক প্রিন্টের জন্য একে একে কাজটি করতে হয়। যেহেতু এখানে একাধিক রং ব্যবহৃত হয়, সেহেতু প্রতিটি ব্লকের ডাইস এবং প্রতিটি রঙের জন্য এ কাজটি করতে হয়।

- ব্লকের ডিজাইন বায়ারের দেওয়া ডিজাইন এর সাথে পুরোপুরি মিলছে কিনা।
- ব্লকের লাইনগুলো পরিষ্কার বোঝা যাচ্ছে কিনা।
- ডিজাইনের কোথাও অস্পষ্টতা আছে কিনা।
- কোথাও স্পষ্ট, কোথাও অস্পষ্ট ডিজাইনে এরকম কিছু আছে কিনা।
- তৈরি রংয়ের শেড ঠিক আছে কিনা।
- রঙের ঘনত্ব বেশি বা কম আছে কিনা ইত্যাদি।

### ৪.২ ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী একাধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করা

একাধিক রঙের ব্লকের কাজ করতে হলে দুটি বিষয় লক্ষ্যণীয়।

ক. একই ডিজাইনের ব্লকের ডাইসে একাধিক রঙের ব্লক সম্পন্ন হতে পারে।

খ. একাধিক ডিজাইনের ব্লকের ডাইসে একাধিক রঙের ব্লক সম্পন্ন হতে পারে।

ব্লকের ডিজাইন বা রঙের ভিন্নতা যাই থাকুক না কেন, একাধিক রঙের ব্লকের কাজ করতে হলে কাজটি একে একে করতে হয়।

কাপড় টেবিলে বিছানোর পর প্রয়োজনীয় সকল সরঞ্জাম হাতের কাছে নিয়ে নিতে হবে। এরপর ব্লকের ডাইসে রংয়ের ট্রে থেকে রং লাগিয়ে কাপড়ে ছাপ দেওয়া শুরু করতে হবে। এভাবে যতটি ব্লকের ডাইস এবং যতো রঙের ব্যবহার থাকবে ততবারই কাজটি করতে হবে। এই কাজটি করার সময় নিম্নলিখিত নিয়মাবলী প্রতিপালন করতে হবে।

- কোন অবস্থাতেই তাড়াহুড়া করা যাবে না।
- রংয়ের ট্রে থেকে ব্লকের ডাইসে রং লাগিয়ে ধারাবাহিকভাবে কাপড়ে চাপ দিতে হবে।
- ব্লক ডাইসে রং লাগানোর সময় অতিরিক্ত চাপ দেয়া যাবে না।

- কাপড়ে ব্লকের ছাপ দেয়ার সময় যতটা সম্ভব চেপে ছাপ দিতে হবে।
- ছাপ দেওয়ার পর ব্লকের ডাইস দ্রুত এবং একবারে কাপড় থেকে উঠিয়ে নিতে হবে।
- কাজ করার সময় নিজ উদ্যোগে ব্লকের কোয়ালিটি চেক করতে হবে।
- ব্লকের রং শুকানোর জন্য যথাযথ সময় দেয়া লাগবে।



- বড় ধরনের কাপড় ধীরে ধীরে টেনে টেনে কাজ করতে হবে। একপাশে কাজ হবে এবং অন্য পাশে কাপড় শুকাতে থাকবে। এই প্রক্রিয়ায় কাজ এগিয়ে নিতে হবে।
- ব্লকের কাজ করার সময় মনোযোগ শুধুমাত্র কাজের দিকেই রাখতে হবে। অন্যজনের সাথে কথা বলা, খাওয়া-দাওয়া অথবা অন্য কোন কাজে মনোযোগী হওয়া উচিত নয়।
- একাধিক রঙের ব্লকের কাজ করার সময় ব্লকের ডাইস ও রঙের নড়াচড়া সাবধানে করতে হবে যেন অসাবধানতাবশত কাপড়ে অনাকাঙ্ক্ষিত রং লেগে না যায়।

## ৪.৩ প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো

ব্লকের কাজ করার পর প্রিন্ট করা কাপড় যথানিয়মে শুকাতে হবে। কাপড় ভালোভাবে না শুকালে কাপড়ে করা প্রিন্টের ডিজাইন ভেস্তে যেতে পারে। তাই শুধু ব্লকের কাজ করে গেলেই চলবে না বরং ব্লক করা কাপড় শুকানোর দিকেও মনোযোগ দিতে হবে।



কাপড় শুকানোর ক্ষেত্রে নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করা যেতে পারে।

- কাপড় রোদে অথবা ছায়ায় অথবা ফ্যানের বাতাসে ভালোভাবে শুকাতে হবে।
- কাপড় শুকানোর সময় খেয়াল রাখতে হবে যেন এক পাশের রং অন্য পাশে না লেগে যায় অথবা লেপ্টে না যায়।
- কাপড় ছায়ায় বা ফ্যানের বাতাসে শুকালেও হালকা রোদে কিছুক্ষণ শুকিয়ে নিলে ভালো হয়।
- কাপড় শুকাতে গিয়ে যেন কাপড়ে ময়লা বা দাগ না লাগে সেদিকে দৃষ্টি রাখতে হবে।
- ঘ. রঙিন কাপড় রোদে শুকালে দীর্ঘ সময় তা রোদে রাখা উচিত নয়।

**কাপড়ে একাধিক রঙের ব্লক প্রিন্ট করার ফ্লো চার্ট**

| |
|---|
| ব্লকের সকল সরঞ্জাম ও উপকরণ জোগাড় করা |
| সকল রঙের প্রিন্ট পেস্ট প্রস্তুত করা |
| সব রকমের ব্লকের ডাইস ও প্রিন্ট পেস্ট বাতিল কাপড় বা কাগজে ছাপ মেরে চেক করা |
| নির্ধারিত কাপড় কাজের টেবিলে বিছানো এবং পিন দিয়ে আটকে নেওয়া |
| নির্ধারিত কাপড়ে প্রথমে এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করা |
| এরপর একে একে সকল রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করা |
| কাপড়ে প্রিন্ট সম্পন্ন করার পর যথাযথভাবে শুকানো |

## সেলফ চেক (Self-Check)- ৪: একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

সংক্ষিপ্ত প্রশ্নঃ

প্রশ্ন: ব্লকের কাজ করার আগে কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট কেন পরীক্ষা করতে হয়?
উত্তর:

প্রশ্ন: একাধিক রঙের ব্লক প্রিন্ট করার সময় কি কি নিয়ম প্রতিপালন করতে হবে?
উত্তর:

## উত্তরপত্র (Answer Key)- ৪: একাধিক রঙের ব্লক প্রিন্ট করতে পারা

১. প্রশ্ন: ব্লকের কাজ করার আগে কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট কেন পরীক্ষা করতে হয়?

উত্তর: কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট এ কোন সমস্যা আছে কিনা তা জানার জন্য ব্লকের কাজ করার আগে কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট পরীক্ষা করতে হয়।

২. প্রশ্ন: একাধিক রঙের ব্লক প্রিন্ট করার সময় কি কি নিয়ম প্রতিপালন করতে হবে?

উত্তর:

১। কোন অবস্থাতেই তাড়াহুড়া করা যাবে না।

২। রংয়ের ট্রে থেকে ব্লকের ডাইসে রং লাগিয়ে ধারাবাহিকভাবে কাপড়ে চাপ দিতে হবে।

৩। ব্লক ডাইসে রং লাগানোর সময় অতিরিক্ত চাপ দেয়া যাবে না।

৪। কাপড়ে ব্লকের ছাপ দেয়ার সময় যতটা সম্ভব চেপে ছাপ দিতে হবে।

৫। ছাপ দেওয়ার পর ব্লকের ডাইস দ্রুত এবং একবারে কাপড় থেকে উঠিয়ে নিতে হবে।

৬। কাজ করার সময় নিজ উদ্যোগে ব্লকের কোয়ালিটি চেক করতে হবে।

৭। ব্লকের রং শুকানোর জন্য যথাযথ সময় দেয়া লাগবে।

৮। বড় ধরনের কাপড় ধীরে ধীরে টেনে টেনে কাজ করতে হবে। একপাশে কাজ হবে এবং অন্য পাশে কাপড় শুকাতে থাকবে। এই প্রক্রিয়ায় কাজ এগিয়ে নিতে হবে।

৯। ব্লকের কাজ করার সময় মনোযোগ শুধুমাত্র কাজের দিকেই রাখতে হবে। অন্যজনের সাথে কথা বলা, খাওয়া-দাওয়া অথবা অন্য কোন কাজে মনোযোগী হওয়া উচিত নয়।

১০। একাধিক রঙের ব্লকের কাজ করার সময় ব্লকের ডাইস ও রঙের নড়াচড়া সাবধানে করতে হবে যেন অসাবধানতাবশত কাপড়ে অনাকাঙ্ক্ষিত রং লেগে না যায়।

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৪.১: কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট কাপড় বা কাগজে পরীক্ষা করণ

**উদ্দেশ্য**: কাপড়ে একাধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করা

**কাজের ধারাবাহিকতা:**

১. কাঠের ডাইস, ব্লকের রং এবং অন্যান্য সরঞ্জাম বাছাই ও সংগ্রহ করুন
২. সকল সরঞ্জাম ও উপকরণ একত্রিত করা হয়েছে কিনা তা চেক করুন
৩. রঙের ট্রে প্রস্তুত করুন
৪. ট্রেতে ব্রাশ দিয়ে রং লাগান
৫. এবারে ব্লকটি ট্রেতে চেপে ব্লকে রং লাগান
৬. পুরনো কাপড় বা কাগজে ব্লকের ছাপ দিন
৭. ব্লক করা স্থানটি শুকিয়ে নিন
৮. এবারে ব্লক প্রিন্টটি ভালোভাবে চেক করুন
৯. কোন সমস্যা থাকলে প্রশিক্ষককে রিপোর্ট করুন
১০. পরীক্ষা করে কাপড় বা কাগজটি প্রশিক্ষক কে প্রদর্শন করুন

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৪.২: ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে একাধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করণ

**উদ্দেশ্য**: একাধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্নকরন

**কাজের ধারাবাহিকতা:**

১. ব্লক প্রিন্টের কাজের সকল টুলস, সরঞ্জাম ও উপকরণ সংগ্রহ করুন
২. ব্লক প্রিন্টের জন্য হোয়াইট প্রিন্ট পেস্ট তৈরি করুন
৩. একাধিক রং তৈরি করার জন্য হোয়াইট প্রিন্ট এর সাথে রং মিশ্রিত করুন
৪. ব্লকের জন্য প্রস্তুত টেবিলে নির্বাচিত কাপড় টান টান করে বিছিয়ে পিন দিয়ে আটকে নিন
৫. কাপড়ে নির্ধারিত ডিজাইনে ব্লক প্রিন্ট সম্পন্ন করুন
৬. কোন সমস্যা তৈরি হলে প্রশিক্ষকের সহায়তা নিন
৭. কাজটি শেষ হলে প্রশিক্ষককে প্রদর্শন করুন

## স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-৪.২: ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করণ

পিপিই

| ক্রমিক নং | পিপিইর তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১. | মাস্ক | স্ট্যান্ডার্ড অনুসারে | ১টি |
| ২. | হ্যান্ড গ্লভস | স্ট্যান্ডার্ড অনুসারে | ১টি |

**টুলস, সরঞ্জাম**

| ক্রমিক নং | টুলস, সরঞ্জাম এর তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১. | রঙের ট্রে | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ২. | কাঠের ডাইস/ ব্লক | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৩. | প্লাস্টিকের বাটি | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৪. | চামচ | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৫. | রং মেশানোর ব্রাশ | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |
| ৬. | রং ও উপকরণ মাপার পাল্লা | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ টি |

উপকরণ

| ক্রমিক নং | উপকরণের তালিকা | স্পেসিফিকেশন | পরিমান |
|---|---|---|---|
| ১. | কাপড় | স্ট্যান্ডার্ড অনুসারে | ১ গজ |
| ২. | পানি | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৩. | টিটি পাউডার | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৪. | এপিটন | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৫. | বাইন্ডার | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৬. | এন কে ফিক্সার | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৭. | অক্সাল (অক্সালিক এসিড) | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |
| ৮. | রং | স্ট্যান্ডার্ড অনুসারে | পরিমান মতো |

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৪.৩: প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো সম্পন্ন করণ

**উদ্দেশ্য**: ব্লক প্রিন্ট সম্পন্নকরন

**কাজের ধারাবাহিকতা:**

১. ব্লক প্রিন্ট করা কাপড় শুকানোর জন্য স্থান নির্বাচন করুন
২. প্রয়োজন অনুযায়ী রশি টানিয়ে নিন
৩. ব্লক প্রিন্ট করা কাপড় শুকাতে দিন
৪. রোদে হলে ১৫-২০ মিনিট পর নামিয়ে নিন। ফ্যানের বাতাসে হলে ৩০-৪০ মিনিট পর নামিয়ে নিন
৫. কোন সমস্যা তৈরি হলে প্রশিক্ষকের সহায়তা নিন
৬. কাজটি শেষ হলে প্রশিক্ষককে প্রদর্শন করুন

## শিখনফল (Learning Outcome)- ৫ : ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. শুকানো কাপড়ের বিপরীত দিকে প্রয়োজন অনুযায়ী ইস্ত্রি করা হয়েছে<br>২. গুণগতমান পরীক্ষা করা হয়েছে এবং ক্লায়েন্টের নির্দেশনা অনুযায়ী ত্রুটি চিহ্নিত করা হয়েছে<br>৩. সম্ভাব্য ক্ষেত্রে ত্রুটি সংশোধন করা হয়েছে<br>৪. ফিনিশিং করা পণ্যগুলি স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ভাঁজ করা, প্যাক করা এবং সংরক্ষণ করা হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট<br>১০. প্রয়োজনীয় পিপিই |
| বিষয়বস্তু | ১. শুকানো কাপড় ইস্ত্রি করা<br>২. গুণগতমান পরীক্ষা করা এবং ত্রুটি চিহ্নিত করা<br>৩. ত্রুটি সংশোধন করা<br>৪. ফিনিশিং করা পণ্যগুলি ভাঁজ করা, প্যাক করা এবং সংরক্ষণ করা |
| এক্টিভিটি | ১. শুকানো কাপড়ের বিপরীত দিকে প্রয়োজন অনুযায়ী ইস্ত্রি করুন<br>২. গুণগতমান পরীক্ষা করুন এবং ক্লায়েন্টের প্রয়োজনীয়তা অনুযায়ী ত্রুটি চিহ্নিত করুন<br>৩. ফিনিশিং করা পণ্যগুলি স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ভাঁজ এবং প্যাক করুন |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৫ : ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্জক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্জক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের ”ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা “বিষয়ে নির্দেশনা প্রদান করবে |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৫ : ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৫ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৫ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>এক্টিভিটি ৫.১: শুকানো কাপড়ের বিপরীত দিকে প্রয়োজন অনুযায়ী ইস্ত্রি করুন<br>এক্টিভিটি ৫.২: গুণগতমান পরীক্ষা করুন এবং ক্লায়েন্টের প্রয়োজনীয়তা অনুযায়ী ত্রুটি চিহ্নিত করুন<br>এক্টিভিটি ৫.৩: ফিনিশিং করা পণ্যগুলি স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ভাঁজ এবং প্যাক করুন |

## ইনফরমেশন শিট (Information Sheet) ৫: ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

৫.১ শুকানো কাপড়ের বিপরীত দিকে প্রয়োজন অনুযায়ী ইস্ত্রি করা হয়েছে

৫.২ গুণগতমান পরীক্ষা করা হয়েছে এবং ক্লায়েন্টের নির্দেশনা অনুযায়ী ত্রুটি চিহ্নিত করা হয়েছে

৫.৩ সম্ভাব্য ক্ষেত্রে ত্রুটি সংশোধন করা হয়েছে

৫.৪ ফিনিশিং করা পণ্যগুলি স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ভাঁজ করা, প্যাক করা এবং সংরক্ষণ করা হয়েছে

### ৫.১ শুকানো কাপড় ইস্ত্রি করা

কাপড় ভালোভাবে শুকানোর পর কাপড়ের ফিনিশিং করতে হয়। ফিনিশিং এর মধ্যে যে কাজটি সবচেয়ে গুরুত্বপূর্ণ তা হলো কাপড় ইস্ত্রি বা আয়রন করা। কাপড় ইস্ত্রি করার কিছু নিয়ম কানুন আছে, নিম্নে তা আলোচনা করা হলো।

ক) কাপড় ইস্ত্রি বা আয়রন করার সময় প্রথমে মাথায় রাখতে হবে, ক্রেতা কোন ধরনের স্ট্যান্ডার্ডে কাপড়ের ফিনিশিং চেয়েছে, আমাদেরকে ঠিক সে ধরনের স্ট্যান্ডার্ড মেনে কাপড়ের ইস্ত্রি করতে হবে।

খ) ইস্ত্রি করার সময় অনেক ক্ষেত্রেই দেখা যায়, ক্রেতা হেবি বা খুব বেশি প্রেস অথবা মিডিয়াম বা মাঝারী প্রেস অথবা লো প্রেস বা কম পরিমানে ইস্ত্রি চেয়েছে, সেক্ষেত্রে ক্রেতা যেরকম স্ট্যান্ডার্ড চেয়েছে তা মেনে কাপড় ইস্ত্রি করতে হবে।

গ) কিছু কিছু কাপড় আছে, যেগুলো ইস্ত্রি করতে হয় না, সেক্ষেত্রেও ক্রেতার চাহিদা বিবেচনায় নিতে হবে।

ঘ) কাপড় ইস্ত্রি করার সময় ব্লক করা কাপড়ের উল্টোদিকে ইস্ত্রি বা আয়রন করতে হবে। ব্লক করা পাশে আয়রন করলে অনেক সময় ব্লক ক্ষতিগ্রস্ত হতে পারে।



### ৫.২ গুণগতমান পরীক্ষা করা এবং ত্রুটি চিহ্নিত করা

পণ্যের মধ্যে এমন সমস্ত বৈশিষ্ট উপস্থিত থাকা প্রয়োজন যা তার ক্রেতাকে সন্তুষ্ট করে অথবা পণ্যের যে সমস্ত বৈশিষ্ট তার ক্রেতাকে সন্তুষ্ট করে সেগুলিকেই ঐ পণ্যের কোয়ালিটি/ গুণগত মান বলে।

পণ্যের গুণগত মানের ইতিহাস মানব সভ্যতার মতই পুরাতন। ২৮০০ বছর আগে দার্শনিক এরিষ্টটল বলেছিলেন

যে, "মান হল এক পণ্য থেকে অন্য পণ্যের পার্থক্য, মান হল পণ্যের ভালত্ব বা মন্দত্ব।"




প্রকৃতপক্ষে গুণগত মান এমন সমস্ত বৈশিষ্ট ধারণ করে থাকে যার জন্য ভোক্তার কাছে ঐ পণ্যের চাহিদা থাকে। ফলে ক্রেতা ঐ পণ্য ক্বয় করে।

কোয়ালিটি মানে হল পণ্যের গুনগত মান যাচাই। পণ্যের গুনগত মান যাচাই করাই হল কোয়ালিটি। অথবা বায়ারের চাহিদা অনুযায়ী পণ্যের গুনগত মান ঠিক রাখাকে কোয়ালিটি বলে।

ইংরেজি QUALITY শব্দের পূর্ণরূপ হলঃ
Quickly=দ্রুত
Unity=ঐক্য
Ability=ক্ষমতা
Liability=দায়
Intelligence=বুদ্ধিমত্তা
Truthfulness=সত্যবাদিতা
Youthful=যৌবন

বর্তমান বিশ্বে ব্লক করা কাপড় বা পোশাকের আলাদা একটি কদর রয়েছে। যার ফলে এ পণ্যে কোয়ালিটি কন্ট্রোল করা খুবই গুরুত্বপূর্ণ। ব্লকের পণ্যের আলাদা একটি কাস্টমার গ্রুপ রয়েছে। সকল শ্রেণী পেশার মানুষের কাছেই ব্লক করা পণ্য অনেক বেশি গ্রহণযোগ্য। তাই এ পণ্যের কোয়ালিটি ঠিক রাখা গুরুত্বপূর্ণ।

**গুণগতমান / কোয়ালিটি পরীক্ষা করা**

ব্লক করা পণ্যের কোয়ালিটি চেক করা অনেকাংশে ব্লকের কারিগরের উপর নির্ভর করে। প্রিন্ট পেস্ট তৈরি করা থেকে ব্লকের কোয়ালিটি কন্ট্রোল শুরু হয়। ব্লক পণ্যের কোয়ালিটি কন্ট্রোলের জন্য ধাপে ধাপে যে কাজগুলো করতে হবে তা নিম্নে উল্লেখ করা হলো।



- ব্লকের কেমিক্যাল ও ডাইস ক্রয় করার সময় বিশ্বস্ত স্থান থেকে ভালো মানের কেমিক্যাল ক্রয় করতে হবে।
- প্রিন্ট পেস্ট তৈরি করার সময় সকল কেমিক্যাল এর পরিমাণ ঠিক রাখতে হবে।
- মূল কাপড়ে কাজ করার আগে অন্য কাপড় বা কাগজে ব্লকের ডাইস ও প্রিন্ট পেস্ট ছাপ দিয়ে চেক করে নিতে হবে। ঘ. ব্লকের টেবিল সঠিকভাবে তৈরি করতে হবে।
- ব্লক করার আগে কাপড় ভালোভাবে প্রক্রিয়াকরণ করে নিতে হবে। প্রয়োজনে কাপড় ধুয়ে শুকিয়ে নিতে হবে।
- প্রতিবার ব্লক দিয়ে ছাপ দেয়ার সময় রংয়ের ট্রে থেকে পর্যাপ্ত রং ব্লকে লাগিয়ে নিতে হবে।
- কাপড়ে ছাপ দেয়ার সময় একই তালের চাপ রাখতে হবে। কখনো জোরে বা কখনো আস্তে চাপ দেয়া যাবে না।
- প্রতিবার ছাপ দেয়ার পর নিজে পরীক্ষা করে দেখতে হবে ছাপ ঠিক হলো কিনা।
- ব্লকের কাজের সময় অন্যমনস্ক হওয়া যাবে না।
- ব্লক করার পর রং ভালোভাবে শুকাতে হবে।
- ফিনিশিং করার সময় ব্লকের উল্টা পাশে আয়রন করতে হবে।

- প্রতিবার ব্লকের কাজ শেষ হওয়ার পর টুলস সরঞ্জাম ও কর্মস্থল ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে।
- পন্য প্যাক করার পূর্বে আবারো পণ্যটি চেক করে তারপর প্যাকিং করতে হবে।

## ৫.৩ ব্লকের ত্রুটিসমুহ

ব্লক করা কাপড়ে বিভিন্ন ধরনের ত্রুটি দেখা যেতে পারে। তন্মধ্যে নিম্নলিখিত ত্রুটি সমূহ উল্লেখযোগ্য।

- প্রিন্ট পেস্ট অতিরিক্ত পাতলা বা ঘন হওয়া
- ব্লকের ডাইসে সমস্যা থাকা
- কাপড়ে অস্পষ্ট ছাপ পড়া
- কাপড়ের রং লেপ্টে যাওয়া
- রং এর শেড নির্বাচনে ভুল হওয়া
- ব্লকের রিপিট না মিলা
- কাপড় কুচকে থাকার কারণে বা কাপড়ে ভাঁজ থাকার কারণে সঠিকভাবে প্রিন্ট না হওয়া
- কাপড়ের রংয়ের ড্রপ পড়া
- বহু রংয়ের ব্লকের ক্ষেত্রে এক রঙের সাথে অন্য রং লেপ্টে যাওয়া
- কাপড়ে অন্য কোন স্পট বা দাগ লাগা ইত্যাদি

**সম্ভাব্য ক্ষেত্রে ত্রুটি সংশোধন করা**

আমরা আগেয় জেনেছি যে, ব্লক করা কাপড়ে বিভিন্ন ধরনের ত্রুটি দেখা যেতে পারে। তন্মধ্যে নিম্নলিখিত ত্রুটি সমূহ সংশোধন করা যেতে পারে। নিম্নে ত্রুটি ও সংশোধনের উপায়গুলো উল্লেখ করা হলো।

**প্রিন্ট পেস্ট অতিরিক্ত পাতলা বা ঘন হওয়াঃ** পানি বা অন্যান্য তরল অল্প অল্প করে মেশানো যাতে রঙের ঘনতব ঠিক থাকে।

**ব্লকের ডাইসে সমস্যা থাকাঃ** নষ্ট কাপড়ে বা কাগজে প্রিন্ট চেক করে যদি দেখা যায় প্রিন্টে কোন সমস্যা আছে তাহলে বুঝতে হবে ব্লকের ডাইসে সমস্যা আছে। ডাইসের সমস্যা চিহ্নিত করে তা ধারালো ছুরি দিয়ে কেটে এরপর শিরিষ কাগজ দিয়ে ঘষে ঠিক করে নেয়া যেতে পারে।

**কাপড়ে অস্পষ্ট ছাপ পড়াঃ** অস্পষ্ট ছাপের কারণ বের করে তার সমাধান করতে হবে। তবে বেশিরভাগ ক্ষেত্রে ব্লক করার সময় চাপ কম বেশি হওয়ার কারণে এ সমস্যা দেখা যায়। এ সমস্যা তৈরি হলে আলাদা ব্রাশ দিয়ে তাতে রং লাগিয়ে ধিরে ধিরে টাচ আপ করে সমাধান করা যেতে পারে। তবে এ কাজ খুব সাবধানে করতে হবে।

**কাপড়ের রংয়ের ড্রপ পড়াঃ** কাপড়ে রংয়ের ড্রপ পড়লে কাপড়ের কালারের রং ব্রাশে লাগিয়ে আলতো করে তা ঢেকে দিতে হবে।

আসলে ব্লকের কাজ করার সময় কি ধরণের সমস্যা হবে তা বলা মুসকিল। তবে উপস্থিত বুদ্ধি খাটিয়ে তার অনেক সমস্যারই সমাধান করা যায়।

## ৫.৪ ফিনিশিং করা পণ্য ভাঁজ করা, প্যাক করা এবং সংরক্ষণ করা

পণ্য বিপননের ক্ষেত্রে বলা হয়ে থাকে, পন্যের ফিনিশিং, ভাঁজ ও প্যাকিং যতো ভালো হবে পন্যের দাম তত ভালো পাওয়া যায়। তাই পন্য ভালো দামে বিক্রি করতে চাইলে পন্যের ভাঁজ ও প্যাকিং ভালো হতে হবে।

**পণ্য ভাঁজ করাঃ** প্রতিটি পন্য ভাঁজ করার কিছু নিয়ম কানুন রয়েছে। কাপড় ভাঁজ করার সময় খেয়াল রাখতে হবে যেন ভাঁজের সামনের অংশ আকর্ষণীয় হয় এবং ব্লক করা ডিজাইন পরিপূর্ণভাবে দেখা যায়। পোশাকের ভাঁজ সুন্দর ও আকর্ষণীয় করার জন্য প্রয়োজনে ব্যাক বোর্ড, নেক বোর্ড ইত্যাদি ব্যবহার করা যেতে পারে। তাছাড়া প্যাকেজ আকর্ষণীয় করতে হ্যাংটেক ব্যবহার করা যেতে পারে।



**প্যাক করাঃ** সাধারণত পোশাক প্যাক করার জন্য পলিব্যাগ ব্যবহার করা হয়। পলিব্যাগ ব্যবহারের সময় খেয়াল রাখতে হবে যেন পোশাকের ভাঁজের মাপের সাথে পলির ভাঁজের মাপ ঠিক থাকে। মনে রাখতে হবে, পলি করার পর পলির ভেতরের পোশাক যেন সুন্দর দেখায়। পোশাক পলিব্যাগে ঢুকানোর পর পলির মুখ ভালোভাবে বন্ধ করতে হবে।

**পণ্য সংরক্ষণ করাঃ** পোশাক প্যাক করার পর বস্তায় বা কার্টনে তা সংরক্ষণ করতে হবে। বস্তায় মালামাল রাখলে তাতে যেন ভাঁজ ও প্যাক নষ্ট না হয় তা খেয়াল রাখতে হবে। পণ্য বস্তায় বা কার্টনে রাখলেও তা সরাসরি ফ্লোরে রাখা যাবে না।



## সেলফ চেক (Self-Check)- ৫: ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. প্রশ্ন: কাপড় ইস্ত্রি করার নিয়ম কী?
   উত্তর:

২. প্রশ্ন: গুণগত মান/ কোয়ালিটি কী?
   উত্তর:

৩. প্রশ্ন: ব্লকের ত্রুটিসমুহ কী?
   উত্তর:

৪. প্রশ্ন: পণ্য ভাঁজ করার কী?
   উত্তর:

## উত্তরপত্র (Answer Key)- ৫: ফিনিশিং এবং কোয়ালিটি চেকিং করতে পারা

১. প্রশ্ন: কাপড় ইস্ত্রি করার নিয়ম কী?

উত্তর: কাপড় ইস্ত্রি করার কিছু নিয়ম কানুন আছে, নিম্নে তা উল্লেখ করা হলো।

- কাপড় ইস্ত্রি বা আয়রন করার সময় প্রথমে মাথায় রাখতে হবে, ক্রেতা কোন ধরনের স্ট্যান্ডার্ডে কাপড়ের ফিনিশিং চেয়েছে, আমাদেরকে ঠিক সে ধরনের স্ট্যান্ডার্ড মেনে কাপড়ের ইস্ত্রি করতে হবে।
- ইস্ত্রি করার সময় অনেক ক্ষেত্রেই দেখা যায়, ক্রেতা হেবি বা খুব বেশি প্রেস অথবা মিডিয়াম বা মাঝারী প্রেস অথবা লো প্রেস বা কম পরিমানে ইস্ত্রি চেয়েছে, সেক্ষেত্রে ক্রেতা যেরকম স্ট্যান্ডার্ড চেয়েছে তা মেনে কাপড় ইস্ত্রি করতে হবে।
- কিছু কিছু কাপড় আছে, যেগুলো ইস্ত্রি করতে হয় না, সেক্ষেত্রেও ক্রেতার চাহিদা বিবেচনায় নিতে হবে।
- কাপড় ইস্ত্রি করার সময় ব্লক করা কাপড়ের উল্টোদিকে ইস্ত্রি বা আয়রন করতে হবে। ব্লক করা পাশে আয়রন করলে অনেক সময় ব্লক ক্ষতিগ্রস্ত হতে পারে।

২. প্রশ্ন: গুণগত মান/ কোয়ালিটি কী?

উত্তর: পণ্যের মধ্যে এমন সমস্ত বৈশিষ্ট উপস্থিত থাকা প্রয়োজন যা তার ক্রেতাকে সন্তুষ্ট করে অথবা পণ্যের যে সমস্ত বৈশিষ্ট তার ক্রেতাকে সন্তুষ্ট করে সেগুলিকেই ঐ পণ্যের কোয়ালিটি/ গুণগত মান বলে।

৩. প্রশ্ন: ব্লকের ত্রুটিসমুহ কী?

উত্তর:

১। প্রিন্ট পেস্ট অতিরিক্ত পাতলা বা ঘন হওয়া

২। ব্লকের ডাইসে সমস্যা থাকা

৩। কাপড়ে অস্পষ্ট ছাপ পড়া

৪। কাপড়ের রং লেপ্টে যাওয়া

৫। রং এর শেড নির্বাচনে ভুল হওয়া

৬। ব্লকের রিপিট না মিলা

৭। কাপড় কুচকে থাকার কারণে বা কাপড়ে ভাঁজ থাকার কারণে সঠিকভাবে প্রিন্ট না হওয়া

৮। কাপড়ের রংয়ের ড্রপ পড়া

৯। বহু রংয়ের ব্লকের ক্ষেত্রে এক রঙের সাথে অন্য রং লেপ্টে যাওয়া

১০। কাপড়ে অন্য কোন স্পট বা দাগ লাগা ইত্যাদি

৪. প্রশ্ন: পণ্য ভাঁজ করার কী?

উত্তর: প্রতিটি পন্য ভাঁজ করার কিছু নিয়ম কানুন রয়েছে। কাপড় ভাঁজ করার সময় খেয়াল রাখতে হবে যেন ভাঁজের সামনের অংশ আকর্ষণীয় হয় এবং ব্লক করা ডিজাইন পরিপূর্ণভাবে দেখা যায়। পোশাকের ভাঁজ সুন্দর ও আকর্ষণীয় করার জন্য প্রয়োজনে ব্যাক বোর্ড, নেক বোর্ড ইত্যাদি ব্যবহার করা যেতে পারে। তাছাড়া প্যাকেজ আকর্ষণীয় করতে হ্যাংটেক ব্যবহার করা যেতে পারে।

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৫.১: শুকানো কাপড়ের বিপরীত দিকে প্রয়োজন অনুযায়ী ইস্ত্রি করণ

**উদ্দেশ্য**: কাপড় ফিনিশিং করা

**কাজের ধারাবাহিকতা:**

১. ব্লক করা শুকানো কাপড় সংগ্রহ করুন
২. কাপড় ফিনিশিং করার জন্য ইস্ত্রি সংগ্রহ করুন
৩. ইস্ত্রি করার জন্য ব্লক করা কাপড় উল্টো করে টেবিলে বিছান
৪. সাবধানতার সাথে ইস্ত্রি গরম করুন
৫. কাপড় ইস্ত্রি করুন। ইস্ত্রি করার সময় ক্রেতার দেওয়া নির্দেশনা প্রতিপালন করুন
৬. প্রতিনিয়ত স্বাস্থ্য ও নিরাপত্তা মেনে চলুন

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৫.২: গুণগতমান পরীক্ষা করুন এবং ক্লায়েন্টের প্রয়োজনীয়তা অনুযায়ী ত্রুটি চিহ্নিত করণ

**উদ্দেশ্য:**

**কাজের ধারাবাহিকতা:**

১. ব্লক করা শুকানো কাপড় সংগ্রহ করুন
২. কাপড় ফিনিশিং করুন
৩. নিয়ম অনুযায়ী কাপড়ের কোয়ালিটি চেক করুন
৪. কাপড়ের ত্রুটিসমুহ চিহ্নিত করুন
৫. ত্রুটিযুক্ত কাপড়ে ত্রুটির স্থানে স্টিকার দিয়ে চিহ্ন দিন
৬. ত্রুটিসমূহ একটি কাগজে তালিকাভুক্ত করুন

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৫.৩: ফিনিশিং করা পণ্যগুলি স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ভাঁজ এবং প্যাক করণ

**উদ্দেশ্য**: ফিনিশিং সম্পন্ন করা

**কাজের ধারাবাহিকতা:**

১. আয়রন ও চেক করা কাপড় সংগ্রহ করুন
২. স্ট্যান্ডার্ড অনুযায়ী ভাঁজ করুন
৩. ভাঁজ করা কাপড় পলিব্যাগ এ প্রবেশ করান
৪. পলিব্যাগের মুখ বন্ধ করুন
৫. প্যাকিং সঠিকভাবে সম্পন্ন হলো কিনা তা চেক করুন
৬. কোন সমস্যা তৈরি হলে প্রশিক্ষকের সহায়তা নিন
৭. কাজটি শেষ হলে প্রশিক্ষককে প্রদর্শন করুন

**শিখনফল (Learning Outcome)- ৬ : টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা**

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. অতিরিক্ত প্রিন্ট পেস্ট পরবর্তীতে ব্যবহারের জন্য এয়ার টাইট কন্টেইনারে আলাদাভাবে সংরক্ষণ করা হয়েছে<br>২. কাজের উপকরণগুলি পানিতে ডুবিয়ে রেখে প্লাস্টিকের ব্রাশ দিয়ে ধুয়ে ফেলা হয়েছে<br>৩. কাঠের ডাইস এবং অন্যান্য সামগ্রী কর্মক্ষেত্রের মান অনুযায়ী শুকানো এবং সংরক্ষণ করা হয়েছে<br>৪. কর্মক্ষেত্রের মান অনুযায়ী কাজের টেবিল এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট<br>১০. প্রয়োজনীয় পিপিই |
| বিষয়বস্তু | ১. অতিরিক্ত প্রিন্ট পেস্ট এয়ার টাইট কন্টেইনারে সংরক্ষণ করা<br>২. কাজের উপকরণগুলি পানিতে ডুবিয়ে রেখে প্লাস্টিকের ব্রাশ দিয়ে পরিস্কার করা<br>৩. কাঠের ডাইস এবং অন্যান্য সামগ্রী শুকানো এবং সংরক্ষণ করা<br>৪. কাজের টেবিল এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা |
| এক্টিভিটি | ১ কাজের উপকরণগুলি পানিতে ডুবিয়ে রেখে প্লাস্টিকের ব্রাশ দিয়ে ধুয়ে পরিস্কার করুন<br>২ কর্মক্ষেত্রের মান অনুযায়ী কাজের টেবিল এবং কর্মক্ষেত্র পরিষ্কার করুন |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১ আলোচনা (Discussion)<br>২ উপস্থাপন (Presentation)<br>৩ প্রদর্শন (Demonstration)<br>৪ নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫ স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬ প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭ সমস্যা সমাধান (Problem Solving)<br>৮ মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১ লিখিত অভীক্ষা (Written Test)<br>২ প্রদর্শন (Demonstration)<br>৩ মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৬ : টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্জক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্জক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| **শিখন কার্যক্রম**<br>**(Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা**<br>**(Resources / Special instructions)** |
|---|---|
| এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের ”টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা” বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। |
| ইনফরমেশন শিট পড়তে হবে। | ইনফরমেশন শিট ৬ : টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে |
| সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | সেল্ফ-চেক শিট ৬-এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র ৬ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>এক্টিভিটি ৬.১: কাজের উপকরণগুলি পানিতে ডুবিয়ে রেখে প্লাস্টিকের ব্রাশ দিয়ে ধুয়ে পরিস্কার করুন<br>এক্টিভিটি ৬.২: কর্মক্ষেত্রের মান অনুযায়ী কাজের টেবিল এবং কর্মক্ষেত্র পরিষ্কার করুন |

## ইনফরমেশন শিট (Information Sheet) ৬: টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

৬.১ অতিরিক্ত প্রিন্ট পেস্ট পরবর্তীতে ব্যবহারের জন্য এয়ার টাইট কন্টেইনারে আলাদাভাবে সংরক্ষণ করা হয়েছে

৬.২ কাজের উপকরণগুলি পানিতে ডুবিয়ে রেখে প্লাস্টিকের ব্রাশ দিয়ে ধুয়ে ফেলা হয়েছে

৬.৩ কাঠের ডাইস এবং অন্যান্য সামগ্রী কর্মক্ষেত্রের মান অনুযায়ী শুকানো এবং সংরক্ষণ করা হয়েছে

৬.৪ কর্মক্ষেত্রের মান অনুযায়ী কাজের টেবিল এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা হয়েছে

### ৬.১ অতিরিক্ত প্রিন্ট পেস্ট সংরক্ষণ করা



ব্লকের কাজ করতে গেলে অনেক সময় কাজের শেষে বেশ কিছু প্রিন্টপেস্ট বেঁচে যায়। এ প্রিন্ট পেস্ট যত্ন সহকারে সংরক্ষণ করা হলে পরবর্তীতে তা ব্যবহার করা যায়। এজন্য প্রিন্ট পেস্ট সংরক্ষণের উদ্দেশ্যে সবসময় কিছু এয়ারটাইট পাত্র বা বোতল রাখতে হবে। এয়ারটাইট পাত্রে না রাখলে এ প্রিন্ট পেস্ট শুকিয়ে নষ্ট হয়ে তা ব্যবহারের অনুপযোগী হয়ে যায়। তাই যত্ন সহকারে প্রিন্ট পেস্ট সংরক্ষণ করতে হবে। তাছাড়া নিয়ম হলো যে পাত্রে প্রিন্ট পেস্ট সংরক্ষণ করা হবে তার গায়ে একটি লেবেল লাগিয়ে তাতে পেস্ট এর বিস্তারিত তারিখসহ লিখে রাখা। তবে মনে রাখা ভালো যে, এ পেস্ট অনেকদিন পুরনো হয়ে গেলে অর্থাৎ ৩/৪ মাস বা তার চেয়ে বেশি হয়ে গেলে তা ব্যবহার না করাই শ্রেয়।

### ৬.২ কাজের উপকরণ ধুয়ে ফেলা



কাজের শেষে কাজের উপকরণসমূহ পরিষ্কার করা অত্যন্ত জরুরী। এক্ষেত্রে প্রথমে সকল টুলস ও সরঞ্জামসমূহ কিছুক্ষণ পানিতে ভিজিয়ে রাখতে হবে। উপকরণগুলো থেকে রং নরম হয়ে গেলে তাতে ব্রাশ দিয়ে ঘষে রং উঠিয়ে নিতে হবে। সকল সরঞ্জাম খুব ভালো করে পরিষ্কার করতে হবে। সবশেষে পরিষ্কার পানি দিয়ে সরঞ্জামগুলো ধুয়ে শুকানোর ব্যবস্থা করতে হবে।

### ৬.৩ কাঠের ডাইস এবং অন্যান্য সামগ্রী শুকানো এবং সংরক্ষণ



ব্লকের কাজ করার জন্য যে সকল টুলস ও সরঞ্জামসমূহ ব্যবহৃত হয়, সেগুলো ধুয়ে পরিষ্কার করার পর তা অবশ্যই শুকিয়ে সংরক্ষণ করতে হবে। বিশেষ করে কাঠের ডাইস সম্ভব হলে রোদে শুকাতে হবে। ধোয়ার পর সকল পাত্র ও টুলস পরিষ্কার একটি কাপড় দিয়ে মুছে নিতে হবে। এক্ষেত্রে মনে রাখতে হবে যে, আমরা একটি কাঠের ডাইস অনেক অর্ডার বা অনেক ক্ষেত্রেই ব্যবহার করতে পারি। তাই এ ডাইসগুলো সর্বাধিক গুরুত্ব দিয়ে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। কাঠের ডাইস ভালোমতো শুকিয়ে না রাখলে তা অল্প দিনের মধ্যেই নষ্ট হয়ে যাবে। তাই এ বিষয়টির প্রতি সর্বাধিক গুরুত্ব দিতে হবে।

## ৬.৪ কাজের টেবিল এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা

ব্লকের কাজের শেষে আরেকটি গুরুত্বপূর্ণ কর্মকান্ড হলো কাজের টেবিল ও কর্মক্ষেত্র পরিষ্কার-পরিচ্ছন্ন করা। এখানে যেহেতু রং নিয়ে কাজ করা হয় সেহেতু কর্মক্ষেত্রটি অপরিচ্ছন্ন হবে সেটাই স্বাভাবিক। তাই কাজের শেষে অত্যন্ত গুরুত্ব সহকারে কর্মস্থল পরিষ্কার পরিচ্ছন্ন করার কাজটি করতে হবে। পরিষ্কার পরিচ্ছন্ন করা বলতে এখানে কাজের টেবিল ও এর আশেপাশের এলাকাতে বুঝায়। তাছাড়া রং তৈরি করার স্থান ও বিভিন্ন উপকরণ ধৌতকরণের স্থানও পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে। কর্মক্ষেত্র পরিষ্কার পরিচ্ছন্ন না থাকলে যে সমস্যাগুলো তৈরি হতে পারে তা নিম্নে উল্লেখ করা হলো।

- কর্মক্ষেত্র পরিষ্কার পরিচ্ছন্ন না থাকলে কর্মীর মানসিকতা উন্নত হয় না এবং উৎপাদনশীলতা বাড়ে না।
- কর্মক্ষেত্র পরিষ্কার পরিচ্ছন্ন না থাকলে ক্রেতার সন্তুষ্টি অর্জন সম্ভব হয় না।
- কর্মক্ষেত্র পরিচ্ছন্ন থাকলে পরবর্তীতে কাজ করার সময় কোয়ালিটি অর্জিত হয় না।
- কর্মস্থল অপরিচ্ছন্ন থাকলে কর্মস্থলে বিভিন্ন পোকামাকড় আক্রমণ করতে পারে যা কাজের ক্ষেত্রে সমস্যা তৈরি করে। তাই কাজ শেষ করার পর অবশ্যই মনোযোগ দিয়ে কর্মস্থল পরিচ্ছন্ন করতে হবে এবং গুছিয়ে রাখতে হবে।



## সেলফ চেক (Self-Check)- ৬: টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

সংক্ষিপ্ত প্রশ্নঃ

১ প্রশ্ন: অতিরিক্ত প্রিন্ট পেস্ট কিভাবে সংরক্ষণ করতে হয়?

উত্তর:

২ প্রশ্ন: কাজের উপকরণ কিভাবে পরিস্কার করতে হয়

উত্তর:

৩ প্রশ্ন: কর্মক্ষেত্র পরিস্কার না থাকলে কি কি সমস্যা তৈরি হয়?

উত্তর:

## উত্তরপত্র (Answer Key)- ৬: টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা

সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. প্রশ্ন: অতিরিক্ত প্রিন্ট পেস্ট কিভাবে সংরক্ষণ করতে হয়?

উত্তর: অতিরিক্ত প্রিন্ট পেস্ট যত্ন সহকারে সংরক্ষণ করা হলে পরবর্তীতে তা ব্যবহার করা যায়। এজন্য প্রিন্ট পেস্ট সংরক্ষণের উদ্দেশ্যে সবসময় কিছু এয়ারটাইট পাত্র বা বোতল রাখতে হবে। এয়ারটাইট পাত্রে না রাখলে এ প্রিন্ট পেস্ট শুকিয়ে নষ্ট হয়ে তা ব্যবহারের অনুপযোগী হয়ে যায়। তাই যত্ন সহকারে প্রিন্ট পেস্ট সংরক্ষণ করতে হবে। তাছাড়া নিয়ম হলো যে পাত্রে প্রিন্ট পেস্ট সংরক্ষণ করা হবে তার গায়ে একটি লেবেল লাগিয়ে তাতে পেস্ট এর বিস্তারিত তারিখসহ লিখে রাখা। তবে মনে রাখা ভালো যে, এ পেস্ট অনেকদিন পুরনো হয়ে গেলে অর্থাৎ ৩/৪ মাস বা তার চেয়ে বেশি হয়ে গেলে তা ব্যবহার না করাই শ্রেয়।

২. প্রশ্ন: কাজের উপকরণ কিভাবে পরিস্কার করতে হয়

উত্তর: প্রথমে সকল টুলস ও সরঞ্জামসমূহ কিছুক্ষণ পানিতে ভিজিয়ে রাখতে হবে। উপকরণগুলো থেকে রং নরম হয়ে গেলে তাতে ব্রাশ দিয়ে ঘষে রং উঠিয়ে নিতে হবে। সকল সরঞ্জাম খুব ভালো করে পরিষ্কার করতে হবে। সবশেষে পরিষ্কার পানি দিয়ে সরঞ্জামগুলো ধুয়ে শুকানোর ব্যবস্থা করতে হবে।

৩. প্রশ্ন: কর্মক্ষেত্র পরিস্কার না থাকলে কি কি সমস্যা তৈরি হয়?

উত্তর: কর্মক্ষেত্র পরিষ্কার পরিচ্ছন্ন না থাকলে যে সমস্যাগুলো তৈরি হতে পারে তা নিম্নে উল্লেখ করা হলো।

- কর্মক্ষেত্র পরিষ্কার পরিচ্ছন্ন না থাকলে কর্মীর মানসিকতা উন্নত হয় না এবং উৎপাদনশীলতা বাড়ে না।
- কর্মক্ষেত্র পরিষ্কার পরিচ্ছন্ন না থাকলে ক্রেতার সন্তুষ্টি অর্জন সম্ভব হয় না।
- কর্মক্ষেত্র পরিচ্ছন্ন থাকলে পরবর্তীতে কাজ করার সময় কোয়ালিটি অর্জিত হয় না।
- কর্মস্থল অপরিচ্ছন্ন থাকলে কর্মস্থলে বিভিন্ন পোকামাকড় আক্রমণ করতে পারে যা কাজের ক্ষেত্রে সমস্যা তৈরি করে।

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৬.১: কাজের উপকরণগুলি পানিতে ডুবিয়ে রেখে প্লাস্টিকের ব্রাশ দিয়ে ধুয়ে পরিস্কার করণ

**উদ্দেশ্য: টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার করতে পারা**

**কাজের ধারাবাহিকতা:**

১. কাজের শেষে অপরিস্কার টুলস সংগ্রহ করুন
২. একটি বালতিতে সকল টুলস আধাঘন্টা ভিজিয়ে রাখুন
৩. এবার সকল টুলস প্লাস্টিকের ব্রাশ দিয়ে ঘষে পরিস্কার করুন
৪. পরিস্কার পানি দিয়ে সকল টুলস ধুয়ে ফেলুন
৫. সকল টুলস সঠিকভাবে পরিস্কার হলো কিনা তা চেক করুন
৬. টুলসগুলো প্রশিক্ষকের নিকট উপস্থাপন করুন

## অ্যাকটিভিটি -শিট (Activity Sheet)-৬.২: কর্মক্ষেত্রের মান অনুযায়ী কাজের টেবিল এবং কর্মক্ষেত্র পরিষ্কার করণ

**উদ্দেশ্য: টুলস ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে পারা**

**কাজের ধারাবাহিকতা:**

১. কাজের শেষে অপরিস্কার টেবিল ও কর্মক্ষেত্র পরিস্কারের প্রস্তুতি নিন
২. পুরনো কাপড় দিয়ে ঘষে টেবিল পরিস্কার করুন
৩. মেঝে ও অন্যান্য স্থানে রং লেগে থাকলে তা পানি দিয়ে ধুয়ে পরিস্কার করুন
৪. ঝাড় দিয়ে মেঝে ভালোভাবে পরিস্কার করুন
৫. সকল টুলস ও সরঞ্জাম যথাস্থানে রাখুন
৬. কর্মস্থলের কোথাও ময়লা আছে কিনা চেক করুন
৭. পরিচ্ছন্নতাকর্ম শেষ হলে তা পরীক্ষকের নিকট প্রদর্শন করুন

# দক্ষতা পর্যালোচনা (Review of Competency)

| প্রশিক্ষণার্থীর জন্য নির্দেশনা: প্রশিক্ষণার্থীর নিম্নোক্ত দক্ষতা প্রমাণ করতে সক্ষম হলে নিজেই কর্মদক্ষতা মূল্যায়ন করবে এবং সক্ষম হলে **"হ্যাঁ"** এবং সক্ষমতা অর্জিত না হলে **"না"** বোধক ঘরে টিকচিহ্ন দিন। | | |
|---|---|---|
| **কর্মদক্ষতা মূল্যায়নের মানদন্ড** | **হ্যাঁ** | **না** |
| ১. প্রয়োজনীয়তা অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) বাছাই এবং সংগ্রহ করা হয়েছে | | |
| ২. প্রয়োজন অনুযায়ী পিপিই পরিধান করা হয়েছে | | |
| ৩. কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিরাপদ কাজের অনুশীলন অনুসরণ করা হয়েছে ব্লক বাটিক এবং স্ক্রিন প্রিন্টিং সংজ্ঞায়িত করা হয়েছে | | |
| ৪. ব্লক প্রিন্টের জন্য টুলস, সরঞ্জাম ও উপকরণ নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে | | |
| ৫. ব্লক প্রিন্টিংয়ের কাজে ওয়ার্কিং টেবিলের প্যাড তৈরির জন্য হেসিয়ান কাপড় (চট), পাতলা ফোম এবং কম্বল দিয়ে আচ্ছাদিত করা হয়েছে | | |
| ৬. মার্কিং কাপড় দিয়ে প্যাড আবৃত করা হয়েছে | | |
| ৭. ব্লক প্রিন্টিংয়ের জন্য কাপড় বাছাই করা হয়েছে | | |
| ৮. মাড়যুক্ত কাপড় প্রক্রিয়াকরণ করা হয়েছে | | |
| ৯. রেডি পেস্ট ব্যবহার না করার কারণে ব্লক প্রিন্টিংয়ের জন্য প্রিন্ট পেস্ট প্রস্তুত করা হয়েছে | | |
| ১০. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী কাঠের ফর্মা (ব্লক) বাছাই ও সংগ্রহ করা হয়েছে | | |
| ১১. কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট বাতিলকৃত কাপড় বা কাগজে যাচাই এবং পরীক্ষা করা হয়েছে | | |
| ১২. টেবিলের উপর কাপড় বিছানো হয়েছে এবং ভাঁজ এড়াতে পিন দিয়ে আটকে দেওয়া হয়েছে | | |
| ১৩. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে এক রঙের ব্লক প্রিন্ট করা হয়েছে | | |
| ১৪. প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো হয়েছে | | |
| ১৫. কাঠের ডাইস ও প্রিন্ট পেস্ট বাতিলকৃত কাপড় বা কাগজে যাচাই এবং পরীক্ষা করা হয়েছে | | |
| ১৬. ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী নির্বাচিত কাপড়ে একধিক রঙের ব্লক প্রিন্ট সম্পন্ন করা হয়েছে | | |
| ১৭. প্রিন্ট করা কাপড় স্ট্যান্ডার্ড অনুযায়ী শুকানো হয়েছে | | |
| ১৮. শুকানো কাপড়ের বিপরীত দিকে প্রয়োজন অনুযায়ী ইস্ত্রি করা হয়েছে | | |
| ১৯. গুণগতমান পরীক্ষা করা হয়েছে এবং ক্লায়েন্টের নির্দেশনা অনুযায়ী ত্রুটি চিহ্নিত করা হয়েছে | | |
| ২০. সম্ভাব্য ক্ষেত্রে ত্রুটি সংশোধন করা হয়েছে | | |
| ২১. ফিনিশিং করা পণ্যগুলি স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ভাঁজ করা, প্যাক করা এবং সংরক্ষণ করা হয়েছে | | |
| ২২. অতিরিক্ত প্রিন্ট পেস্ট পরবর্তীতে ব্যবহারের জন্য এয়ার টাইট কন্টেইনারে আলাদাভাবে সংরক্ষণ করা হয়েছে | | |
| ২৩. কাজের উপকরণগুলি পানিতে ডুবিয়ে রেখে প্লাস্টিকের ব্রাশ দিয়ে ধুয়ে ফেলা হয়েছে | | |
| ২৪. কাঠের ডাইস এবং অন্যান্য সামগ্রী কর্মক্ষেত্রের মান অনুযায়ী শুকানো এবং সংরক্ষণ করা হয়েছে | | |
| ২৫. কর্মক্ষেত্রের মান অনুযায়ী কাজের টেবিল এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা হয়েছে | | |

আমি (প্রশিক্ষণার্থী) এখন আমার আনুষ্ঠানিক যোগ্যতা মূল্যায়ন করতে নিজেকে প্রস্তুত বোধ করছি।

স্বাক্ষর ও তারিখঃ প্রশিক্ষকের স্বাক্ষর ও তারিখঃ

## সিবিএলএম প্রণয়ন (Development of CBLM)

**‘ব্লক প্রিন্ট দ্বারা সারফেস অলঙ্করণ সম্পন্ন করা’** (অকুপেশন: ব্লক, বাটিক এন্ড স্ক্রিন প্রিন্টিং, লেভেল-২) শীর্ষক কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়াল (সিবিএলএম)-টি জাতীয় দক্ষতা সনদায়নের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সিমেক সিস্টেম, ইসিএফ কনসালটেন্সি এবং সিমেক ইনস্টিটিউট অফ টেকনোলোজি (যৌথ উদ্যোগ প্রতিষ্ঠান) এর সহায়তায় প্যাকেজ SD-9B (তারিখ: ১৫ জানুয়ারী ২০২৪) প্রকল্পের অধীনে ২০২৪ সনের জুন মাসে প্রণয়ন করা হয়েছে।

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পদবী | মোবাইল নং ও ইমেইল |
|---|---|---|---|
| ০১ | ঝর্ণা আক্তার | লেখক | ০১৯১৭-০০৭৮১৮ |
| ০২ | নারায়ন চন্দ্র খাঁ | সম্পাদক | ০১৭১৬-১৩৬৫২৬ |
| ০৩ | ইঞ্জি: মো: জুয়েল পারভেজ | কো-অর্ডিনেটর | ০১৭৩৭-২৭৮৯০৬ |
| ০৪ | সৈয়দ আজহারুল হক | রিভিউয়ার | ০১৭১১-০৪৭৮১৫ |

## Reference:

https://bishra.com/

https://bonikbarta.net/home/news_description/

https://www.wikihow.com/Make-Black#:~:text=You%20can%20make%20black%20paint,together%20will%20also%20make%20black.